CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরানুগ ভক্তিসাধকের প্রার্থনা

শ্রীদিবাকর মিশ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

C0. In Public Domain, Digitizagtion by eGangot

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরানুগ ভক্তিসাধকের প্রার্থনা

শ্রীদিবাকর মিশ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রথম প্রকাশ :
আগষ্ট ৩০ বুধবার, ২০০৬ খ্রীষ্টাব্দ
শ্রীল পুরীদাস গোস্বামীঠাকুরের পূত আবির্ভাবতিথি

শ্রীপুরীদাস গোস্বামী ট্রাষ্ট হইতে
শ্রীদিবাকর মিশ্রের দ্বারা প্রকাশিত

প্রাপ্তিস্থান :
(১) শ্রীপুরীরেণু, ব্রহ্মেশ্বরপাটণা
ভুবনেশ্বর-৭৫১০১৮
(২) শ্রীঅচ্যুতানন্দ পাল, পো : মগরা
জি : হুগলি (প:বঙ্গ)
(৩) শ্রীগোপাল কুঞ্জ, ১৭নং ছিপিগলি, বৃন্দাবন
জি : মথুরা, উত্তরপ্রদেশ-২৮১১২১

আনুকূল্য – ঐকান্তিকী শ্রদ্ধামাত্র

ভুবনেশ্বরস্থ গোস্বামী প্রেসে মুদ্রিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রাক্‌কথন

শ্রীচৈতন্য মহাপ্রভুর অনুগত গোস্বামিবর্গের বিশেষ করিয়া শ্রীল জীব গোস্বামিপ্রভুর অনুসরণে মদীয় অভীষ্টদেব শ্রীল পুরীদাস গোস্বামিঠাকুর যেসব অপূর্ব সিদ্ধান্ত তাঁহার অনুগত সকলকে জানাইলেন এবং যেসব অনন্যসাধারণ আচরণ নিজে করিয়া জগতকে শিক্ষা দিয়া গেলেন তাহা যে ভক্তিসাধনে অনুরাগী ব্যক্তির চক্ষু উন্মীলন করিয়া দিয়াছে, ইহা অনস্বীকার্য। প্রতিষ্ঠার প্রতি শতধিক্কার, বিষয়ীর দ্রব্য গ্রহণে ঘোর বিতৃষ্ণা, শ্রীকৃষ্ণের সুখানুসন্ধানময়ী স্মৃতিকে ভক্তিলতাবীজ বলিয়া সপ্রমাণ স্থাপন, শ্রীকৃষ্ণের সুখান্বেষণে সকলকে প্রবৃত্ত করাইবার অদম্য চেষ্টা, মহামন্ত্র গ্রহণের প্রণালী সম্বন্ধে শিক্ষা, ভৃতাদর সম্বন্ধে শিক্ষা, অভিনন্দনাদির প্রতি ঘোর বিতৃষ্ণা, শুদ্ধভাবে কর্মার্পণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিক্ষা, ভগবদ্‌বশীকরণ বিষয়ে আর্তিযুক্ত নামকীর্তনের প্রাধান্যের শিক্ষা, অকপট অশ্রুর প্রতি গুরুত্বারোপ, অকালভেকের অসারতা প্রতিপাদন, মৃত্যু-সময়ে আর্তিযুক্ত নামকীর্তনের প্রভাব বিষয়ে শিক্ষা ও শ্রীগৌর-ভজনের প্রতি গুরুত্বারোপ – তাঁহার এইসব শিক্ষা যে শুদ্ধভক্তিসাধনানুরাগীর নিত্যকাল আলোকস্তম্ভ হইয়া থাকিবে, ইহা বলা নিষ্প্রয়োজন।

তিনি শ্রীগৌরহরি ও তদনুগ গোস্বামিগণের অনুসরণে পরমাবিষ্ট হৃদয়ে শ্রীভগবানের সুখানুসন্ধানময়ী স্মৃতি লইয়া যে আর্তিযুক্ত নামকীর্তনের শিক্ষা দিয়া গেলেন, তাঁহারই শিক্ষাকে আধার করিয়া সেইরূপভাবে প্রার্থনা করিবার বিষয় এই ক্ষুদ্র পুস্তিকায় লিপিবদ্ধ হইয়াছে।

প্রচলিত রীতি হইতে এইসব প্রার্থনা কিঞ্চিৎ পৃথক্ হওয়ায় ইহা গ্রহণ করিতে হয়ত কোন কোন মহানুভব ব্যক্তি কুণ্ঠাবোধ করিতে পারেন। এ নরাধম তাঁহাদের শ্রীচরণে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ভূলুণ্ঠিত প্রণিপাতপূর্বক এই প্রার্থনা করিতেছে যে, তাঁহারা শ্রীরূপপাদের প্রণীত শ্রীভক্তিরসামৃতসিন্ধু, শ্রীল সনাতনপাদের প্রণীত শ্রীবৃহদ্ভাগবতামৃত, শ্রীজীবপাদের প্রণীত শ্রীভক্তিসন্দর্ভ ও শ্রীপ্রীতিসন্দর্ভ এবং শ্রীল বিশ্বনাথচক্রবর্তিঠাকুরের প্রণীত শ্রীমাধুর্যকাদম্বিনী ইত্যাদি আলোচনা করিলে এই ক্ষুদ্র পুস্তিকায় প্রদত্ত বিষয়বস্তু সংবন্ধে সম্যক্ জ্ঞান লাভ করিতে পারিবেন।

শ্রীকৃষ্ণনাম মুক্তগণের উপাস্য বলিয়া শ্রীরূপপাদ শ্রীনামাষ্টকে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন আবার ইহা প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য নহে বলিয়া "অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্‌গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥" শ্রীভক্তি-রসামৃতসিন্ধু (১।২।২৩৪) শ্লোকে উল্লেখ করিয়াছেন।

দুই রকমের সাধক আছেন। যথা – অজাতরতি ও জাতরতি। যে যাদৃচ্ছিক মহৎকৃপাপ্রাপ্ত জীব দ্বিতীয়বার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাধুসঙ্গ লাভ করিয়া ভক্তির সাধন আরম্ভ করিয়াছে, তাহার হৃদয়ে রজস্তমোগুণের প্রাবল্যহেতু সে ভক্তি করিলেও তাহাতে সে ভক্তি করিতেছে বলিয়া অহঙ্কার থাকে। কাজেই তাহা শুদ্ধভক্তি না হইয়া কর্মমিশ্রা ভক্তিই হয়। এ সম্বন্ধে শ্রীভক্তিসন্দর্ভ ২২১ তম অনুচ্ছেদে বলা হইয়াছে – "সা ভক্তিস্ত্রিবিধা –আরোপসিদ্ধা, সঙ্গসিদ্ধা, স্বরূপসিদ্ধা চ। তত্রারোপসিদ্ধা – স্বতো ভক্তিত্বাভাবেঽপি ভগবদর্পণাদিনা ভক্তিত্বং (ভক্ত্যাভাসত্বং) প্রাপ্তা কর্মাদিরূপা।" অর্থাৎ যাহা স্বরূপতঃ ভক্তি না হইলেও ভগবানে অর্পণাদিহেতু ভক্তিত্ব (ভক্ত্যাভাসত্ব) প্রাপ্ত হয়, সেই কর্মাদিকেই আরোপসিদ্ধা ভক্তি বলা হয়। সে অবস্থায় শ্রীহরিনামগ্রহণাদি যে ভক্তি করা হয়, তাহা স্বরূপতঃ কর্মই। তাহা শ্রীভগবানের সুখের জন্য করিলে তাহাকে ভক্তিমাত্রকাম কর্মার্পণ বলা হয়। সুতরাং তাহা কর্মপর্যায়ভুক্ত, ভক্তিপর্যায়ভুক্ত নহে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হৃদয়ে অন্য কোন অভিলাষ না রাখিয়া যাহারা মহৎকৃপায় কেবল শ্রীভগবানের সুখের জন্য এই কর্মার্পণ (ভক্তিমাত্রকাম কর্মার্পণ) বা সাধনক্রিয়া করার সঙ্গে সঙ্গে অন্তর্যামিদৃষ্টিতে সর্বভূতাদর করিতে থাকে, অনর্থনিবৃত্তির পর তাহারা বিক্ষেপহীন হইয়া শুদ্ধভক্তিসাধনে প্রবৃত্ত হয়। তাহাদিগকেই জাতরতি বলা হয়। এই জাতরতিগণকেই ভক্তিসাধক বলিয়া শ্রীরূপপাদ শ্রীভক্তিরসামৃতসিন্ধু "উৎপন্নরতয়ঃ সম্যঙ্ ...." (২।১।২৭৬) শ্লোকে নির্ণয় করিয়াছেন। সেবোন্মুখ অর্থ এই জাতরতিকেই বুঝিতে হইবে। অর্থাৎ কেবল জাতরতি ব্যক্তিই শ্রীকৃষ্ণের সুখের জন্য লয়-বিক্ষেপশূন্য হইয়া শ্রীহরিনামে মনোনিবেশপূর্বক নামগ্রহণে প্রবৃত্ত হইতে পারে।

ভক্তি হ্লাদিনীশক্তিরই বৃত্তি। জীবের মধ্যে হ্লাদিনীশক্তি নাই — আছে রজস্তমোগুণ। ইহা সাধককে বিক্ষেপ ও লয়যুক্ত করায়। এই বিক্ষিপ্ত চিত্তে অনবধানতাযুক্ত মহামন্ত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কীর্তনের অভ্যাস ভক্তিযোগ নহে – ইহা পুণ্যকর্মমাত্র। এ বিষয় (শ্রীভা: ৬।৩।২২) শ্লোকের শ্রীক্রমসন্দর্ভ টীকায় শ্রীজীবপাদ উল্লেখ করিয়াছেন।

অজাতরতি কর্মাধিকারী ব্যক্তির ইন্দ্রিয় রজস্তমোগুণদ্বারা চালিত। কাজেই সেই ইন্দ্রিয়ে মুক্তকুলের উপাস্য অপ্রাকৃত শ্রীকৃষ্ণনাম কখনও উচ্চারিত হইতে পারেন না বলিয়া মহামন্ত্রের উপদেষ্টা স্বয়ং শ্রীমন্মহাপ্রভুই কাশীতে জনৈক ব্রাহ্মণকে বলিয়াছেন –

"দেহ-দেহীর নাম-নামীর কৃষ্ণে নাহি ভেদ।
জীবের ধর্ম-নাম-দেহ-স্বরূপ বিভেদ॥
অতএব কৃষ্ণের নাম দেহ বিলাস।
প্রাকৃতেন্দ্রিয়গ্রাহ্য নহে হয় স্বপ্রকাশ॥
কৃষ্ণনাম, কৃষ্ণগুণ, কৃষ্ণলীলাবৃন্দ।
কৃষ্ণের স্বরূপ সম সব চিদানন্দ॥

(শ্রীচৈ:চ:মধ্য ১।১২৮-১৩০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণেতে মনঃসংযোগই ভক্তিযোগপদবাচ্য বলিয়া শ্রীসনাতনপাদ শ্রীবৃহদ্ভাগবতামৃতে উল্লেখ করিয়াছেন। আবার আর্তিই ভক্তি বলিয়া শ্রীল সনাতনপাদ, শ্রীজীবপাদ ও শ্রীল নরোত্তম ঠাকুর প্রভৃতি উল্লেখ করিয়াছেন। আর্তিযুক্ত নামকীর্তনই শ্রীকৃষ্ণের কৃপাদৃষ্টি আকৃষ্ট করিতে পারে এবং তখন তিনি নামকীর্তনকারীকে কৃপা করিতে ব্যগ্র হইয়া পড়েন। হ্লাদিনীর কৃপায়ই এই আর্তি জীবে সঞ্চারিত হয়।

শ্রীকৃষ্ণনামে অপরাধের বিচার আছে। কিন্তু শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের নামে তাহা নাই। শ্রীগৌর হইলেন শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের মিলিত তনু। তাঁহার হৃদয়ে হ্লাদিনীশক্তিস্বরূপা শ্রীরাধার ভাবেরই প্রাধান্য আছে। তিনি বিনাসাধনে জগদ্‌বাসী সকলকে প্রেম দান করিতে আসিয়াছিলেন। সেইজন্য তিনি কেবল তাঁহার দর্শনদ্বারাই সকলকে প্রেম দিয়াছেন। তাঁহার আবির্ভাবকালে কেহ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সাধন করিয়া প্রেম লাভ করার দৃষ্টান্ত নাই। তাঁহার কৃপাদৃষ্টি যাহার উপর পতিত হইল সে তৎক্ষণাৎই প্রেমে পুলকিত হইল। কেবল মনুষ্য নহে, বন্যপশু এমন কি বৃক্ষলতাদিগকেও তিনি কেবল দর্শন দ্বারাই প্রেম দিয়াছেন। এ ত গেল চেতনযুক্ত জীবের কথা। অচেতন প্রস্তরও তাঁহার শ্রীঅঙ্গের স্পর্শে বিগলিত হইয়াছে। শ্রীআলালনাথ জিউকে দণ্ডবৎপ্রণাম করার সময়ে তাঁহার শ্রীঅঙ্গের স্পর্শে প্রস্তর বিগলিত হইয়া তাহাতে তাঁহার সর্বাঙ্গ চিহ্ন রহিয়াছে এবং নীলাচলে শ্রীজগন্নাথদেবের দর্শনের সময়ে তাঁহার পদস্পর্শে প্রস্তরও বিগলিত হইয়া তাঁহার শ্রীপাদপদ্ম চিহ্ন রহিয়াছে। এই শ্রীপাদপদ্ম-চিহ্নযুক্ত প্রস্তর শ্রীজগন্নাথদেবের মন্দিরের উত্তর পার্শ্বে একটি ছোট মন্দিরে অদ্যাপি বিরাজিত থাকিয়া তাঁহার প্রেমময়ত্বের প্রভাব প্রকাশ করিয়া দর্শকের হৃদয়ে বিস্ময় সৃষ্টি করার সঙ্গে সঙ্গে ব্যাকুল হৃদয়ে তাঁহাকে ডাকিলে তিনি যে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনতিবিলম্বে সকলকে প্রেমে উন্মত্ত করিয়া দিবেন এই বিচার দর্শকের হৃদয়ে সঞ্চার করিতেছে। সেইজন্য শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভু ও শ্রীল নরোত্তম ঠাকুর প্রভৃতি শ্রীগৌরনামকীর্তনের উপরই সর্বাধিক গুরুত্ব দিয়াছেন।

এইসব শ্রীগৌরানুগ গোস্বামিগণের শিক্ষাকে আধার করিয়া শ্রীল পুরীদাস গোস্বামী ঠাকুর শ্রীগৌরনাম কীর্তনের উপরই সর্বাধিক গুরুত্ব দিয়াছেন এবং তাঁহার অনুগত সকলকে সর্বক্ষণ কাঁদিতে কাঁদিতে শ্রীগৌরনাম কীর্তন করিতে বলিয়াছেন। তাঁহার শিক্ষা এবং শ্রীরূপ, শ্রীসনাতন ও শ্রীজীবাদি গোস্বামিবর্গের শিক্ষাকে অনুসরণ করিয়া এই পুস্তিকায় আর্তিযুক্ত শ্রীগৌরনামকীর্তনের উপরই সর্বাধিক গুরুত্ব দেওয়া হইয়াছে। ইহাতে লেখকের নিজস্ব কোন মত দেওয়া হয় নাই।

অজ্ঞতাবশতঃ অনেকে শ্রদ্ধাকেই 'ভক্তিলতাবীজ' বলিয়া থাকেন। বস্তুতঃ শ্রদ্ধা একটি মানসিক গুণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইহা ভক্তিবীজ হইতে পারে না বলিয়া মদীয় গুরুদেব শ্রীভক্তিসন্দর্ভ ১৭৬ তম অনুচ্ছেদের প্রমাণদ্বারা তাহা প্রতিষ্ঠা করিয়াছেন।

বীজ, বীজ হইতে লতা বা বৃক্ষ, বৃক্ষ হইতে ফল আবার ফল হইতে বীজ হইয়া থাকে। কাজেই বীজ, বৃক্ষ ও ফল সমজাতীয়। সেইরূপ ভক্তিলতাবীজ, ভক্তিলতা ও ভক্তিলতার ফল প্রেম সমজাতীয় হওয়াই সঙ্গত। শ্রবণ-কীর্তনরূপ জলসেচনদ্বারা ভক্তিলতা বৃদ্ধি পাইয়া তাহাতে প্রেমফল ফলে। "কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা"কে যখন প্রেম বলা হয়, তখন শ্রীকৃষ্ণের সুখানুসন্ধান বাসনা লইয়া ভক্তির অনুষ্ঠান করাই বিধিসঙ্গত। অতএব শ্রীকৃষ্ণের সুখানুসন্ধানময়ী স্মৃতিই ভক্তিলতাবীজ। শ্রবণ-কীর্তনের ফলে এই শ্রীকৃষ্ণের সুখচিন্তাই সাধক হৃদয়ে বলবত্তর হইয়া থাকে এবং ক্রমশঃ ইহা পুষ্ট হইয়া প্রেমে পরিণত হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই শ্রীকৃষ্ণের সুখচিন্তা বা ভক্তিবাসনা রজস্তমো-গুণাক্রান্ত অজাতরতি কর্মাধিকারী জীবের হৃদয়ে নাই। হ্লাদিনীর নিজজন মহদ্‌গণের কৃপায়ই লৌহেতে অগ্নির দাহিকাশক্তির সঞ্চারবৎ এই ভক্তিবৃত্তি জীবের হৃদয়ে সঞ্চারিত হয়। ইহা জীবের নিজস্ব নহে। সেই জন্য শ্রীরূপপ্রভুকে শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন — "গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তি-লতাবীজ।" শ্রীমদ্ভাগবতে (৯।৪।২০)র শিক্ষা — "উত্তমঃ-শ্লোকজনাশ্রয়া রতিঃ" অর্থাৎ উত্তমঃশ্লোক শ্রীভগবানের নিজজন মহদ্‌গণের শ্রীকৃষ্ণের প্রতি যে রতি আছে, সেইরূপ রতি কামনা করিয়া ভক্ত্যঙ্গের অনুষ্ঠান করিতে হইবে। এই মহৎকৃপালাভের জন্য ব্যাকুল না হইয়া যেখানে অভ্যাস করিয়া নামকীর্তন করা হইতেছে, সেখানে হ্লাদিনীশক্তির কৃপা না থাকায় হৃদয়ে রজস্তমোগুণের প্রাবল্যই থাকে। এই রজস্তমোগুণের দ্বারা চালিত হইয়া যে নামকীর্তন করা হয়, তাহাতে দৈন্য ও আর্তির পরিবর্তে দম্ভই বৃদ্ধি হয়। সেখানে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সাধক নিজেকে শ্রেষ্ঠ জ্ঞান করিয়া অন্যসকলকে হেয় জ্ঞান করে, যাহা ভক্তির ঘোর পরিপন্থী। এতদ্ব্যতীত ভক্ত্যনুষ্ঠান করিয়া মহৎকৃপালাভের জন্য ব্যাকুল ক্রন্দন করার-পরিবর্তে প্রতিষ্ঠালাভের আশা হৃদয়ে প্রবল হইয়া অন্যের নিন্দায় প্রবৃত্তি জন্মে।

অতএব আর্তিহীন হইয়া কেবল অভ্যাসপূর্বক অনবধানতাযুক্ত নামকীর্তন ভক্তিযোগ নহে, পুণ্যকর্মমাত্র। এই পুণ্যকর্ম ভক্তি ত নহে বরং ভক্তিবিঘাতক বলিয়া শ্রীমাধুর্যকাদম্বিনীতে শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ উল্লেখ করিয়াছেন। বস্তুতঃ মহৎকৃপাপাত্র আর্তিযুক্ত সাধকের নামকীর্তন স্বতঃস্ফূর্ত। পায়ে কাঁটা ফুটিলে 'আহা' শব্দ যেরূপ স্বতঃস্ফূর্ত হয় অর্থাৎ বিনাচেষ্টায় উচ্চারিত হয়, সেইরূপ শরণাগত সাধকের আর্তিযুক্ত হৃদয়ে শ্রীদ্রৌপদী ও গজরাজের ন্যায় শ্রীহরিনাম উচ্চারণ স্বতঃস্ফূর্তই হইয়া থাকে। ইহাতে চেষ্টা বা অভ্যাসের লেশমাত্রও আবশ্যকতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

থাকে না। এইরূপ নামকীর্তনের কথাই শ্রীমন্মহাপ্রভু শিক্ষা দিয়াছেন। "মনে চিন্ত কৃষ্ণে মাতা মুখে বল হরি।" ইহাই তাঁহার শিক্ষা। এই চিন্তা অভ্যাসগত নহে স্বতঃস্ফূর্ত। আবার তিনি তৃণাদপি সুনীচ, তরোরিব সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া শ্রীকৃষ্ণকৃপালাভের জন্য ব্যাকুল হৃদয়ে শ্রীকৃষ্ণনাম কীর্তনের উপদেশ দিয়াছেন এবং দীর্ঘ আঠার বৎসরকাল গম্ভীরায় অবস্থানকালে এই ব্যাকুলতা ও আর্তিযুক্ত শ্রীকৃষ্ণানুশীলনের আদর্শই দেখাইয়াছেন। তাঁহার এই শিক্ষাই তদনুগ গোস্বামিগণের আচরণে প্রতিফলিত হইয়াছে।

এইসব বিষয় অবগত হইয়া যাহারা সর্বক্ষণ চক্ষুজলে বক্ষ সিক্ত করিয়া ব্যাকুল হৃদয়ে শ্রীকৃষ্ণপ্রেমপ্রদাতা শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের নাম কীর্তন করিবেন, তাহারা এই জন্মেই যে মহাবদান্য শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের কৃপা লাভ করিয়া প্রেমবান্ হইবেন, ইহা বলা নিষ্প্রয়োজন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিশেষে এ বিদ্যাবুদ্ধিহীন নরাধমের পূজনীয় পাঠক-বর্গের শ্রীচরণে এই সকাকু প্রার্থনা যে, তাঁহারা আদরপূর্বক এই পুস্তিকায় প্রদত্ত আর্তিযুক্ত প্রার্থনাসমূহের বিশ্লেষণ করিলে ইহার অন্তর্নিহিত উদ্দেশ্য অবশ্যই উপলব্ধি করিতে পারিবেন। হে পূজনীয় পাঠকবৃন্দ! আপনারা অহৈতুকী কৃপা করিয়া এ রজস্তমোগুণাক্রান্ত দাম্ভিকের মস্তকে পাদপদ্ম ধারণপূর্বক এই কৃপাশীর্বাদ করুন যেন সে তাহার নিজের বহির্মুখতার বিষয় উপলব্ধি করিয়া সর্বক্ষণ করুণাময় শ্রীগৌরানুগ মহদ্‌গণের কৃপাপ্রার্থনা-পূর্বক ব্যাকুল হৃদয়ে চক্ষুজলে বক্ষ সিক্ত করিয়া শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের নাম কীর্তন করিতে পারে এবং এইরূপ নাম কীর্তন করিতে করিতে যেন সে প্রাণত্যাগ করিতে পারে। ইতি।

বিনীত

শ্রীগৌরানুগ মহদ্‌গণের শ্রীচরণরেণুপ্রার্থী

শ্রীদিবাকর মিশ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূচীপত্র

১। শ্রীগুরুকৃপা-প্রার্থনা ... ১

২। গুরুলাভের উপায় ... ১২

৩। প্রার্থনা ... ১৪

৪। অন্তর্যামিদৃষ্টিতে সকলকে সম্মানদান ... ১৬

৫। আর্তি জ্ঞাপন ... ১৮

৬। শরণাগতি ... ২১

৭। পশ্চাত্তাপ ... ২৩

৮। স্মৃতিযুক্ত নামকীর্তনের প্রভাব ... ২৬

৯। ভক্তিযোগ ... ২৯

১০। আর্ত্তিই ভক্তি ... ৩১

১১। দৈন্য ... ৩৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১২। দৈন্য ও প্রেম ... ৩৮
১৩। উৎকণ্ঠা ... ৪০
১৪। শ্রীশ্রীগৌরনিত্যানন্দের দয়া ... ৪২
১৫। স্বদুষ্কর্মচিন্তায় ব্যাকুলতা ও কৃপাপ্রার্থনা ... ৪৫
১৬। শ্রীগৌর-ভজনের বৈশিষ্ট্য ... ৪৭
১৭। শ্রীগৌরানুগ সাধকের নামকীর্তন প্রণালী ... ৫১
১৮। আর্তিযুক্ত নামকীর্তনের প্রভাব ... ৬১
১৯। কর্মমিশ্র সাধকের নামকীর্তন প্রণালী ... ৬৭
২০। মহৎকৃপার অদ্ভুত প্রভাব ... ৭০
২১। শ্রীগৌরহরির উপদিষ্ট শ্রীনামকীর্তন প্রণালী ... ৭৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাতৃকাক্রমে পদ্যসূচী

অনাদি কালের যেসব দুষ্কর্ম ... ১৮

অনাদিবিমুখ হইয়া ভুলেছি ... ৫৬

অপরাধ ফলে হৃদ হইল পাথর ... ৪৭

ওহে কৃষ্ণনাম তব মহিমা অপার ... ৬৭

ওহে গুরুদেব শুন মম খেদ ... ১

ওহে গুরুদেব ! তব মহিমা অপার ... ১০

কায়াকে পবিত্র ... ১২

কবে আহা গৌরাঙ্গ বলিয়া ... ৪০

গোলোকের প্রেমধন হরিনাম ... ৬১

গুরুদেব ! ভুলি' তব শ্রীচরণ ... ৫

গুরুদেব ! বহু ভাগ্যফলে ... ৮

তব বিস্মরণহেতু মায়া কৈল গ্রাস ... ২৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বাপর যুগেতে অবতরি কৃষ্ণ	...	৫১
নিজ কর্মফল	...	১৪
পরম করুণ	...	৪২
যেসব দুষ্কর্ম করিয়াছি আমি	...	৪৫
প্রভু হে ! যত যত দুঃখ	...	১৬
প্রভু হে ! দুর্লভ নরজনম	...	২০
প্রভু হে ! ভুলি তব শ্রীচরণ	...	২১
প্রভু হে ! তাড়নায় যৌবনের	...	২৩
প্রেমের অন্তর্লক্ষণ	...	৩৮
ভক্তিরূপ অনুষ্ঠান	...	২৯
ভাগবতামৃতে	...	৩১
সাধনে অযোগ্য জানি	...	৩৭
সাধুশাস্ত্রমুখে শুনি'	...	৭০
স্বসুখচিন্তায়	...	২৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগুরুকৃপা-প্রার্থনা

ওহে গুরুদেব শুন মম খেদ
নাহি ত তাহার ওর।
গোরাপদ ত্যজি সংসারেতে মজি
দুঃখভোগ কৈনু সার ॥১
অসচ্চিন্তামগ্ন হৈনু সর্বক্ষণ
ভজনেতে নাহি মতি।
তব সুখচিন্তা হইল স্বপন
কি হইবে মোর গতি ॥২
অপরাধে ভেল হৃদয় পাষাণ
নয়নে নাহি ত লোর।
তব উপদেশ প্রতি যে বিমুখ
হইল পামর ছার ॥৩
গৌরভজনে যে উপদেশ তব
সে ত অতি চমৎকার।
না হৈল তাহাতে শ্রদ্ধালেশ মোর
কেমনে হ'বে উদ্ধার ॥৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপরাধজাত অনর্থসকল*
হইয়া অতি প্রবল।
সাধন হইতে সদা করি চ্যুত
করিছে মোরে বিকল ॥৫
এ অধম প্রতি তোমার যে কৃপা
নাহি তার ওরপার।
সে করুণা কথা কভু না চিন্তিল
এ পাপী পাষণ্ড ছার ॥৬

---

*অপরাধজাত অনর্থ – সিদ্ধগণের ভগবন্নামাদির বারংবার আবৃত্তিদ্বারা প্রতিপদে সুখবিশেষের উদয় হইয়া থাকে। অসিদ্ধগণের পক্ষে ফলপ্রাপ্তির অন্তরায়স্বরূপ অপরাধ আছে। তজ্জন্য ফলপ্রাপ্তি না হওয়া পর্যন্ত বারংবার আবৃত্তির ব্যবস্থা। (১) অশ্রদ্ধা, (২) কুটিলতা, (৩) ভগবন্নিষ্ঠাবিচ্যুতিকারক ইতর বস্তুতে অভিনিবেশ, (৪) ভক্তিসাধনে শৈথিল্য ও (৫) নিজে ভক্তি করিতেছি বলিয়া অহঙ্কার – এইসব অনর্থ যদি সাধুসঙ্গের দ্বারাও দূর করা দুষ্কর হয়, তাহা হইলে উহা অপরাধেরই কার্য বলিয়া জানিতে হইবে এবং এই সকলই সাধকের প্রাচীন অপরাধের লক্ষণ হইয়া থাকে। (শ্রীভ:স: ১৫৭ অনু:)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অসচ্চিন্তামগ্ন সদা মূঢ় মন
না দেখি মোর উদ্ধার।
ডুবি' ভবকূপে হইমু বিকল
ফল এ মো করমের ॥৭

তথাপি এ দৃঢ় আশা মো হৃদয়ে
আছে হে করুণাসিন্ধু।
কভু ত ভুলনা অনুগত জনে
তুমি ত অনাথবন্ধু ॥৮

দিবাকর দীন ব্যাকুল হৃদয়ে
করিতেছে নিবেদন।
একবার স্মরি' এ কৃতঘ্ন কথা
পদমূলে দেহ স্থান ॥৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীজীবগোসাঞি প্রেষ্ঠজন তুমি
জীবন করিয়া পণ।
তাঁহারই সিদ্ধান্ত- অমৃতসিন্ধুতে
বিশ্ব করিবে প্লাবন ॥১

শুদ্ধভক্তিকথা জানাই সকলে
করিবে ত সুমহান।
এই আশা লই' কত কষ্ট সহি'
কৈলে কত শিক্ষাদান ॥২

কৃষ্ণ-সুখচিন্তা ভক্তিলতাবীজ
ইহাই শাস্ত্র-বিচার।
শ্রীজীবের অনু- সরণে সরবে
দিলে এই শিক্ষা সার ॥৩

শ্রদ্ধা ত না হয় ভক্তিলতাবীজ
ইহা মানসিক গুণ।
*শ্রীজীবগোসাঞি এই শিক্ষা দিয়া
কৈল সন্দেহ-মোচন ॥৪

---

*শ্রীভ:স: ১৭৬ অনু:

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঁর বিরচিত শ্রীভক্তিসন্দর্ভ
ব্যাখ্যা করি' সর্বজনে।
শুদ্ধভক্তিতত্ত্ব শিক্ষা দিলে তুমি
গোষ্ঠী করি' স্থানে স্থানে ॥৫
দীন দিবাকরে চাহ প্রভো বারে
কর এই শক্তি দান।
স্মরি' তব গুণ যায় যেন প্রাণ
করি' গৌরনাম গান ॥৬

গুরুদেব !
ভুলি' তব শ্রীচরণ বিষয়ে আবিষ্ট মন
যায় কাল বৃথাকার্যে মাতি।
তব গুণ সঙরণ না কৈল এ মূঢ় মন
ওহে প্রভো ! কি হবে মো গতি ?১
ইষ্ট-সুখানুসন্ধান- রূপ শুদ্ধভক্তিধন
বিতরিলে অনুগত জনে।
কি ভাগ্যে তব সন্ধান পাইল এ মূঢ় জন
তা'কে টানি নিলে শ্রীচরণে ॥২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুদ্ধভক্তির স্বরূপ শিখাইলে অপরূপ
স্নেহভরে আচরি' সতত।
শ্রীজীব-অনুসরণে সন্দর্ভ-আলোক-দানে
অভক্তি-তিমির কৈলে হত ॥৩
প্রতিষ্ঠাহেতু ভক্তির প্রচার কৈলে নিবার
শিষ্যবৃদ্ধি বিষয়ে উদাস।
বিষয়ী-অন্ন-গ্রহণ মলিন করয়ে মন
কৃষ্ণস্মৃতি করয়ে বিনাশ ॥৪
দৃঢ়নিষ্ঠা হৃদে ধরি' আজীবন পণ করি'
না ছুঁইলে বিষয়ীর দ্রব্য।
তব সাধনে বিস্মিত হৈল সকল জগৎ
এ আচার লোকে অসম্ভব ॥৫
হরিবাসর পালন করি' রাত্রিজাগরণ
নিরম্বু উপাস তার সঙ্গে।
অহোরাত্র সংকীর্তন সদা প্রফুল্লিত মন
যাপ দিন আনন্দতরঙ্গে ॥৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিষ্ঠা শুকরী বিষ্ঠা ভাঙ্গে ভজনের নিষ্ঠা
মজে মন অসত ধিয়ানে।
সর্বতোভাবে বর্জন কৈলে তা'কে অনুক্ষণ
তা' দেখি চকিত সর্বজনে ॥৭

হ্লাদিনীর বৃত্তি ভক্তি তার মূল হয় আর্তি
ভক্তির সে পরম কারণ।
তীব্র আর্তি হৃদে ধরি লোতকে লোচন ভরি
শিখাইলে গৌরনাম গান ॥৮

হে প্রভো করুণাসিন্ধু দিবাকরে আর্তিবিন্দু
দিয়া কর সাধনে তৎপর।
দূরে যাউ অন্য চেষ্টা গৌরপদে হউ নিষ্ঠা
সদা বক্ষ ধোউ চক্ষুলোর ॥৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুরুদেব !
বহু ভাগ্যফলে লভিয়াছি স্থান
তব অভয় চরণে।
কোটিমাতৃনিন্দি যে স্নেহ তোমার
সদা জাগে মোর মনে ॥১
কাককে গরুড় করা প্রায় তুমি
মো সম পতিত জনে।
কি করুণাবারি বরষিলে প্রভু
ভাবি তা বিস্মিত মনে ॥২
সত্য বলিতেছি এ বিমুখ মহা
অযোগ্য কৃপাবরণে।
তে কারণে হৈল তব কৃপা ব্যর্থ
কাঁদি মু ব্যাকুল প্রাণে ॥৩
কি অপার স্নেহে ডাকিয়া সকলে
অনুগত যত জন।
বিচারি' সন্দর্ভ শিখাইলে মোদে
শুদ্ধভক্তি আচরণ ॥৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধামোৎপন্ন দ্রব্য হয় অপ্রাকৃত
কৈলে এই শিক্ষাদান।
নিজে আচরিয়া উৎপাদনে তাহা
দিলে সর্বে উৎসাহন ॥৫
শাস্ত্রমতে কৈলে ভক্তির সাধন
এই জন্মে প্রেমধন।
অবশ্য মিলিবে না হবে অন্যথা
এ তব দৃঢ় বচন ॥৬
কি সে অপরূপ স্নেহশীল মূর্তি
সদা পড়ে তাহা মনে।
কেমনে পাইব পুনঃ দরশন
ভাবিতেছি রাত্রিদিনে ॥৭
সন্দর্ভব্যাখ্যানে কি গাঢ় আবেশ
সে রূপ ভাসে লোচনে।
সে গম্ভীর রূপ না পারি ভুলিতে
ঝুরে আঁখি অনুক্ষণে ॥৮
দীন দিবাকর করে পদে কাকু
দেহ বারে দরশন।
ক্ষমি অপরাধ দিয়া পদে স্থান
ঘুচাও মায়াবন্ধন ॥৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ওহে গুরুদেব ! তব মহিমা অপার।
শ্রীগৌর-ভজন-শিক্ষা দিলে অনিবার ॥১

'হা গৌর-নিতাই বলে ডাক উচ্চস্বরে।
আর্তিভরে বক্ষ ধুই লোচনের লোরে' ॥২

এই শিক্ষা দিলে সর্বে করি আচরণ।
কি অপূর্ব শিক্ষা তব জগত-পাবন !৩

প্রতি ভক্তসঙ্গে গৌর কৈল যে যে লীলা।
তাহা বর্ণি রচিলে অপূর্ব নামমালা ॥৪

যে ভক্তের যেরূপ আবেশ গৌরপদে।
নামমালা রচি' তাহা প্রকাশিলে মোদে ॥৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মর্মস্পর্শী সেই নাম কীর্তনে যাহার।
হৃদ হয় বিগলিত নেত্রে ঝরে লোর ॥৬

আর্তিভরা আবেশে এ নাম সংকীর্তন।
সদা কৈলে অন্তকালে হ'বে তা স্মরণ ॥৭

স্মরি' এই নাম তনু করিলে ত্যজন।
অবশ্য মিলিবে গৌরপ্রভুর দর্শন ॥৮

ধন্য হ'বে জীবন মিলিবে প্রেমধন।
এ সত্যবচন তব না হইবে আন ॥৯

তব পদে দিবাকর করে এ প্রার্থন।
আর্তিভরে গৌরনাম সনে যাউ প্রাণ ॥১০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুরুলাভের উপায়

কায়াকে পবিত্র করিবার আশে
করে যে গুরু আশ্রয়।
নিজ স্বার্থসিদ্ধি আশে সে ব্যাকুল
নহে তার ভবক্ষয় ॥১

গুরুপাদাশ্রয় ভকতির অঙ্গ
কৃষ্ণপ্রীতিলাভ আশে।
করয়ে যে জন সে ত ভাগ্যবান
প্রেম সে পাইবে শেষে ॥২

কৃষ্ণাবিষ্টচিত্ত শ্রীগুরুচরণ
তেঁহা ভক্তিরসকূপ।
*পৃথগ্‌ভাব জীব কেমনে বুঝিবে
তাঁ'র চিন্ময় স্বরূপ ?৩

---

* পৃথগ্‌ভাব জীব — শ্রীভগবানের সুখচিন্তা ব্যতীত ধর্মার্থকাম-মোক্ষাদি অন্য বাসনাযুক্ত জীব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

*গৌর-নিত্যানন্দে ব্যাকুল হৃদয়ে
ডাকে যে সুবুদ্ধি জন।
গুরুর স্বরূপ বুঝিবে ত সেই
লভিবে তাঁ'র সন্ধান ॥৪

---

* "দুইভাই হৃদয়ের ক্ষালি অন্ধকার।
দুই ভাগবত সঙ্গে করান সাক্ষাৎকার ॥
এক ভাগবত বড় — ভাগবতশাস্ত্র।
আর ভাগবত ভক্ত — ভক্তিরসপাত্র ॥
দুই ভাগবত দ্বারা দিয়া ভক্তিরস।
তাহার হৃদয়ে তা'র প্রেমে হয় বশ ॥"

(শ্রীচৈ:চ: ১।১।৫৬-৫৮)

শ্রীশ্রীগৌরনিত্যানন্দকে যে ব্যাকুলহৃদয়ে ডাকিবে, তাঁহারা তার হৃদয়ের অপরাধরূপ অন্ধকার দূর করিয়া দুই ভাগবত অর্থাৎ গ্রন্থভাগবত ও ভক্তভাগবতের সঙ্গে তা'র সাক্ষাৎকার করাইয়া দেন এবং তাঁহাদের দ্বারা ভক্তিরস দান করাইয়া তাহার প্রেমে বশীভূত হইয়া নিজেই তাহার হৃদয়ে অবরুদ্ধ হইয়া যান। অতএব সদ্‌গুরু খুঁজিতে কোনরূপ চেষ্টা না করিয়া গুরুলাভের জন্য ব্যাকুল চিত্তে শ্রীশ্রীগৌর-নিত্যানন্দকে ডাকিলে তাঁহারা অবশ্যই সদ্‌গুরুর সঙ্গে আমাদের সাক্ষাৎকার করাইয়া দিবেন। ইহাই সদ্‌গুরু লাভের সর্বশ্রেষ্ঠ পন্থা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগুরুচরণ- আশ্রয়ে লভিবে
ভক্তিবীজ মহাধন।
তাঁর উপদেশে শুদ্ধভক্তি সাধি'
লভিবে প্রেমরতন ॥৫
শ্রীপুরীচরণে করে এ কাকুতি
সদা দিবাকর দীন।
কৃপা করি' বারে ভক্তিবীজ দিয়া
সার্থক কর জীবন ॥৬

প্রার্থনা

নিজ কর্মফল সহিতে শকতি
দেহ প্রভো ! যথাযথ।
তবে ত গাহিব তব নামগুণ
হৈয়া বিগলিত চিত ॥১
যেসব দুষ্কর্ম করিয়াছি মুঞি
নাহি তার ওরপার।
সেই কর্মফল করিতেছে মোকে
নানা দুঃখে জরজর ॥২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবশ্য ভুঞ্জিব নিজ কর্মফল
না হবে তা কভু আন।
পর দোষ কভু না দেখিব আমি
করিব সর্বে সম্মান ॥৩

সকলে সম্মান করিতে শকতি
দেহ প্রভু দয়াময়।
তবে ত গাহিব তব নাম গুণ
দূর হবে ভবভয় ॥৪

তব নিজজন চরণকমল
সমাশ্রয়ে নিরবধি।
ব্যাকুল হৃদয়ে কাঁদিয়া তোমাকে
ডাকিব হে কৃপানিধি ॥৫

তাঁর কৃপাবলে তব পদে সদা
দৃঢ় হবে মোর মতি।
তাঁহার শিক্ষাকে করিয়া সম্বল
সাধিব দৃঢ় ভকতি ॥৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঁর গুণ স্মরি' তব নাম গাহি'
কাটাইব এ জীবন।
প্রয়াণ সময়ে তব পাদপদ্ম
অবশ্য হ'বে স্মরণ ॥৭
গুরুকৃপার এ সুমহান ফল
কহে দিবাকর দীন।
তাঁর কৃপা আশে করি' সর্ব কর্ম
ধন্য হউ তা' জীবন ॥৮

অন্তর্যামিদৃষ্টিতে সকলকে সম্মানদান

প্রভু হে!
যত যত দুঃখ ভোগিতেছি আমি
সব মো করমফল।
পরদোষ দেখি' বৃথা অশান্তিতে
হই ত আমি বিকল ॥১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুঃখ যে দিতেছে নিমিত্ত মাত্র সে
নহে সে দোষের ভাগী।
তব ইচ্ছায় সে করিতেছে সব
মোর দণ্ডভোগ লাগি' ॥২
না দেখি কা' দোষ সহিব সকল
হৃদয় করি' পাষাণ।
তবে এই জন্মে অবশ্য পাইব
তব অভয় চরণ ॥৩
সব হৃদে তুমি সদা বিরাজিত
তব নিদেশ বিচারি'।
সব দুঃখ সহি' তব নাম গাই'
যাইব এ ভব তরি' ॥৪
সুখ দুঃখ সব মনের কল্পনা
বাস্তবেতে কিছু নাই।
তব প্রীতিকামে গোঙাইব কাল
সদা তব নাম গাই' ॥৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব প্রীতি লাগি' করিব যে পণ
তোমা লাগি এ জীবন।
করিব ধারণ তুষিতে তোমাকে
করিয়া সর্বে সম্মান ॥৬
দীন দিবাকর শ্রীগুরুচরণে
করে সদা এ প্রার্থন।
দেহ শক্তি প্রভো ! যেরূপে এ দীন
করিবে সর্বে সম্মান ॥৭

আর্তি জ্ঞাপন

অনাদি কালের যেসব দুষ্কর্ম
করিয়াছি মুঞি ছার।
সেই কর্মফল ভোগিতেছি আমি
দুঃখেতে হই কাতর ॥১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবশ্য ভোগিব নিজ কর্মফল
নহিবে ইহা অন্যথা।
সে ভোগ সময়ে তব পূত স্মৃতি
হৃদয়ে রহু সর্বথা ॥২
স্বদুষ্কর্ম স্মরি' ঘোর অনুতাপে
দগ্ধ হই অবিরাম।
কাতর হৃদয়ে উচ্চারিব কবে
তোমার পবিত্র নাম ॥৩
স্বদুষ্কর্ম-চিন্তা হৃদে জাগি' কবে
করিবে তা'কে বিকল।
তব স্মরণাগ্নি- দগ্ধ হই সদা
হইবে তাহা নির্মল ॥৪
দীন দিবাকর গুরু উপদেশ
হৃদয়ে ধরি' সতত।
গোঞাইবে কাল অনুতাপানলে
হই সদা দগ্ধীভূত ॥৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব প্রীতি লাগি' করিব যে পণ
তোমা লাগি এ জীবন।
করিব ধারণ তুষিতে তোমাকে
করিয়া সর্বে সম্মান ॥৬
দীন দিবাকর শ্রীগুরুচরণে
করে সদা এ প্রার্থন।
দেহ শক্তি প্রভো! যেরূপে এ দীন
করিবে সর্বে সম্মান ॥৭

আর্তি জ্ঞাপন

অনাদি কালের যেসব দুষ্কর্ম
করিয়াছি মুঞি ছার।
সেই কর্মফল ভোগিতেছি আমি
দুঃখেতে হই কাতর ॥১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবশ্য ভোগিব নিজ কর্মফল
নহিবে ইহা অন্যথা।
সে ভোগ সময়ে তব পূত স্মৃতি
হৃদয়ে রহু সর্বথা ॥২
স্বদুষ্কর্ম স্মরি' ঘোর অনুতাপে
দগ্ধ হই অবিরাম।
কাতর হৃদয়ে উচ্চারিব কবে
তোমার পবিত্র নাম ॥৩
স্বদুষ্কর্ম-চিন্তা হৃদে জাগি' কবে
করিবে তা'কে বিকল।
তব স্মরণাগ্নি- দগ্ধ হই সদা
হইবে তাহা নির্মল ॥৪
দীন দিবাকর গুরু উপদেশ
হৃদয়ে ধরি' সতত।
গোঞাইবে কাল অনুতাপানলে
হই সদা দগ্ধীভূত ॥৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রভু হে !
দুর্লভ নরজনম লাভ করি' নরাধম
দিল তাহা হেলায় হারাই।
জড় ভোগাচ্ছন্ন মন না কৈল তব স্মরণ
যায় কাল অসৎসঙ্গে রহি ॥১
বহু ভাগ্যফলে তব নিজজন সঙ্গলাভ
করিয়া না হৈল জ্ঞানোদয়।
তাঁ'র উপদেশবাণী নিরন্তর কানে শুনি
হৃৎপাষাণ না দ্রবিল হায় ॥২
দৈন্যভরে সদা কাঁদি' গৌরনাম নিরবধি
কীর্তনে তাঁহার উপদেশ।
করি নিজে আচরণ অনুগতে শিক্ষাদান
দিলে হই কৃপাপরবশ ॥৩
সতত চঞ্চলমতি তাঁর উপদেশ প্রতি
ধ্যান নাহি দিনু কদাচন।
কি হইবে মোর গতি ভাবিতেছি দিবারাতি
কি ভাবে যাইবে মো জীবন ?৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হীনার্থাধিকসাধক বলে' তব নাম ডাক
কর বারে কৃপাবলোকন।
গুরু উপদেশ ধ্যায়ি' আর্তিপূর্ণ হৃদ হই'
তব নাম গাই যাউ প্রাণ ॥৫

শরণাগতি

প্রভু হে!
ভুলি' তব শ্রীচরণ মায়া কবলিত মন
'আমি, আমার' – এ চিন্তা প্রবল।
এই ত মায়ার বন্ধ আমারে করিল অন্ধ
এই চিন্তা করিল বিকল ॥১
শুন হে অনাথবন্ধু তুমি করুণার সিন্ধু
কর বারে কৃপাদৃষ্টিপাত।
দেহস্মৃতি দূরে যাউ তব স্মৃতি হৃদে রহু
হয় যাহা ভবাম্বুধিপোত ॥২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মো পূর্ব দুষ্কর্ম মোকে ভোগায় বিবিধ পাকে
সংসারের অশেষ যাতন।
সে যাতনা ভোগকালে তব স্মৃতি হৃদস্থলে
রহি' মোকে করুক শোধন ॥৩

জড়সুখভোগ আশে বদ্ধ হৈয়া আশাপাশে
পাইতেছি অনন্ত যাতনা।
আশা মাত্র জীব করে তব ইচ্ছা ফল ধরে
সে ইচ্ছায় মিশু মো বাসনা ॥৪

লইনু তব শরণ তব ইচ্ছাকে বরণ
করি দিবাকর ত নিশ্চিন্ত।
ভোগচিন্তায় বিমন তব সুখ-চিন্তামগ্ন
থাকি হউ সার্থক জীবিত ॥৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পশ্চাত্তাপ

প্রভু হে !
তাড়নায় যৌবনের ধরি গৃহিণীর কর
ঘর পাতি বসিনু সংসারে।
পুত্র-কন্যা হৈল জাত তাঁদের লালনে মত্ত
হৈয়া কাল কাটাইনু ধীরে ॥১
অর্থলাভ চিন্তামগ্ন হইলাম অনুক্ষণ
পিতা-মাতা-সেবা পাসরিনু।
দুঃখ বার্ধক্যজনিত ভোগ কৈল তাঁরা কত
হায় ! তাতে ধ্যান নাহি দিনু ॥২
দুঃখে হয়ে জরজর দুহেঁ ছাড়িল শরীর
তাঁহাদের সেবায় বিমন।
পিতামাতার সেবন প্রধান কর্তব্য জান
তাহা ভুলিলা এ মূঢ় জন ॥৩
বাল্যকালে সে দুহাঁর যেবা স্নেহ অনিবার
কৃতঘ্ন মু হেলায় ভুলিলি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবে বার্ধক্যযাতন ভোগকালে মোর মন
অনুতাপে যাইতেছে জ্বলি ॥৪
এইরূপে কত কাল দুঃখেতে হই বিকল
শোকে তাঁরা তেজিল জীবন।
তাঁদের দুঃখের কথা ভেবে পাই মনে ব্যথা
কি কৈনু মু পাষণ্ড দুর্জন ॥৫
মহাপ্রভু গৌরহরি সস্নেহে আদর করি'
রঘুনাথ ভট্টে আদেশিলে।
বৃদ্ধ পিতামাতা সেবা প্রাণ দিয়া সম্পাদিবা
ভাগবত পাঠ সাধুমেলে ॥৬
মহাপ্রভুর আদেশ না পালিল এ নৃশংস
নিজ সুখে হইল সে অন্ধ।
এ দুরন্ত কর্মফল ভোগে হইবে বিকল
কেমনে ঘুচিবে ভববন্ধ ॥৭
ওহে করুণানিধান ! কর যথেষ্ট দণ্ডন
নিজ কর্ম অনুরূপ মোর।
ভোগ হৈয়া কর্মফল খণ্ডন হউ সকল
চিত্ত হউ ভজনে তৎপর ॥৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বসুখচিন্তায় অন্ধ হই সদা
হৈনু নানা পাপে রত।
এ পাপ-ফল যে অবশ্য ভোক্তব্য
না গণিলা ইহা চিত্ত ॥১
পরেরে উদ্‌বেগ দিয়াছি যে কত
ভাবিলে সে কথা মনে।
শঙ্কা লাগে চিত্তে এ দুষ্কর্ম ফল
ভোগ হবে কত দিনে ?২
মোহান্ধ হইয়া করেছি দুষ্কর্ম
দয়া কর প্রভো ! বারে।
সে পাপের ফল ভোগ হউ মোর
তব স্মৃতি নহু দূরে ॥৩
সকলে সম্মান করিতে শকতি
দেহ নাথ যথাযথ।
তবে ত গাহিব তব নাম গুণ
অপরাধ হবে হত ॥৪
নিজ পুত্র মত স্নেহ করি' সর্বে
না দেখিব কা'র দোষ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এইরূপে কৈলে এই জনমেতে
ভববন্ধ হবে নাশ ॥৫
গুরুপাদাশ্রয়ে হৈয়া আর্তিযুক্ত
আরাধিব তব পদ।
এই জন্ম অন্তে অবশ্য লভিব
গোলোক প্রেমসম্পদ ॥৬

স্মৃতিযুক্ত নামকীর্তনের প্রভাব

তব বিস্মরণহেতু মায়া কৈল গ্রাস।
সঁদা প্রভো ! হইনু মায়ার ক্রীতদাস ॥১
তব পদে অপরাধে তারে তব নাম।
শাস্ত্র-পুরাণেতে কৈলে এই শিক্ষাদান ॥২
সেই শিক্ষা অনুসরি কৈনু নামাশ্রয়।
কিন্তু মায়াগুণাচ্ছন্ন* হয়েছে হৃদয় ॥৩
তোতা প্রায় আমি সদা করিতেছি নাম।
নাহি তব স্মৃতি তাই ব্যর্থ মোর শ্রম ॥৪

---

*মায়াগুণ — রজস্তমোগুণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

‡হেম তেজে খাদ অগ্নিসংযোগে যেমনে।
দূর হয় পাপ তব স্মরণে তেমনে ॥৫

কিন্তু প্রভো ! রজোগুণে কবলিত মন।
নামজপকালে সদা অন্যচিন্তামগ্ন ॥৬

†সদা তব ভাবে বিভাবিত করি' মন।
যে কাটিবে কাল তা'র সফল সাধন ॥৭

অন্তকালে তব ভাবে হই বিভাবিত।
তেজিবে যে তনু তার সার্থক জীবিত ॥৮

তব স্মৃতি লই তনু করে যে ত্যজন।
অনায়াসে পায় তব পাদপদ্মধন ॥৯

---

‡ যথাগ্নিনা হেম মলং জহাতি,ধ্মাতং পুনঃ স্বং ভজতে চ রূপম্।
আত্মা চ কর্মানুশয়ং বিধূয় মদ্ভক্তিযোগেন ভজত্যথো মাম্ ॥
(শ্রীভা: ১১।১৪।২৫)

অর্থাৎ স্বর্ণ যেরূপ অগ্নিসন্তাপেই অন্তর্মল পরিত্যাগ এবং স্বাভাবিক ঔজ্জ্বল্য ধারণ করে, মানবগণের চিত্তও সেইরূপ একমাত্র মদীয় ভক্তিযোগেই কর্মবাসনারূপ অন্তর্মল পরিত্যাগপূর্বক মহাপ্রেমের আবির্ভাবহেতু আমার সেবা প্রাপ্ত হইয়াথাকে।

† যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ ॥ (শ্রীগী: ৮।৬)

হে অর্জুন, মনুষ্য মৃত্যুসময়ে যে যে ভাব স্মরণ করিয়া দেহ ত্যাগ করে, সে সর্বদা সেই সেই ভাবে আবিষ্ট থাকায় সেই সেই ভাবই প্রাপ্ত হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনন্যভাবে যে চিন্তে তোমার চরণ।
তা'র যোগ-ক্ষেম তুমি করহ বহন ॥১০
জানিয়াও সব মায়াবিমোহিত মন।
তব স্মৃতি ছাড়ি' কৈল বিষয়-ধিয়ান ॥১১
পূর্ব কর্মসংস্কার মো ধাক্কা দিয়া গলে।
তব পদ বিস্মৃতি করায় সদা বলে ॥১২
তব নাম উচ্চারণে যদি হয় মন।
গাই তব নাম হই অন্যচিন্তামগ্ন ॥১৩
হে সদনুগ্রহ! কর কৃপাদৃষ্টিপাত।
সুসংবন্ধ হউ তব প্রিয়জন সাথ ॥১৪
তাঁর কৃপাদৃষ্টিপাতে ছিন্ন মায়াবন্ধ।
তব পদে দৃঢ় হবে প্রীতির সংবন্ধ ॥১৫
তাঁ'র গুণ স্মরি' আর্তিভরে তব নাম।
গাহিয়া যাইব হেলে শ্রীগোলোকধাম ॥১৬
তব সেবা লভি' হবে সার্থক জীবন।
গোঞাইব কাল প্রেমানন্দে হই মগ্ন ॥১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তিযোগ

*ভক্তিরূপ অনুষ্ঠান আর্তিই তাহার প্রাণ
তাহার সে নাম ভক্তিযোগ।
বৈকুণ্ঠলোকপ্রাপ্তির উপায় তা' জান স্থির
কৃষ্ণপদে মনের সংযোগ ॥১
আর্তিহীন নামগান অন্য চিন্তামগ্ন মন
কৃষ্ণেতর বস্তুতে আবেশ।
ইহা নহে ভক্তিযোগ মনের অনুরঞ্জক†
পুণ্যফললাভ অবশেষ ॥২
ভক্তিযোগ ফল প্রেম যত্ন কর অবিরাম
সেই ফলপ্রাপ্তি আশা লই।
ব্যাকুল হৃদে সতত শ্রীগুরুর কৃপাশ্রিত
থাকি' কাল যাপ নাম গাই ॥৩

---

* শ্রীবৃ: ভা: ২।৪।৫ শ্লোকের টীকায় শ্রীল সনাতনপাদের উক্তি — "ভক্তিরেব যোগঃ শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্ত্যুপায়ঃ, ভগবচ্চরণারবিন্দ-সংযোগরূপো বা।"

† অনুরঞ্জক — প্রীতিদায়ক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুরুকৃপা আশে মন তাঁর পদ করি' ধ্যান
তাঁ'র উপদেশ মনে স্মরি'।
কর উচ্চে নামগান আর্তিভরে অবিরাম
চক্ষুজলে বক্ষ সিক্ত করি' ॥৪

*শ্রীগুরুর কৃপা বলে প্রেমলাভ অবহেলে
এ ত জান শাস্ত্রের বচন।
ইহা জানি' সাবধানে লোতকসিক্ত নয়নে
কৃপা আশে কর' নাম গান ॥৫

---

* "হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন।
তস্মাৎ সর্বপ্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ ॥"
(শ্রীভ:স: ২৪২ অনু: বামনকল্প বাক্য)
"অসংকল্পাজ্জয়েৎ কামং.....এতৎ সর্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ।" (শ্রীভা: ৭।১৫।২২-২৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আর্তিই ভক্তি*

ভাগবতামৃতে সনাতনপাদ
কৈল এই নির্ধারণ।
আর্তিই যে ভক্তি আর্তিই যে প্রেম
আর্তিতে কৃপাকর্ষণ ॥১
প্রেমসম্পত্তির এই ত বৈভব
আর্তিযুক্ত যে রোদন।
সে রোদনধ্বনি প্রবেশি' হৃদয়ে
ব্যগ্র করে কৃষ্ণমন ॥২
সে ব্যগ্রতাহেতু হইয়া অস্থির
কৃপা করেন তুরিত।
সেই কৃপা লভি' ভক্তের হৃদয়
হই যায় বিগলিত ॥৩

---

*শ্রীবৃ:ভা: ২।৫।২২৫-২৩৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যত কৃপা পায় কৃপার অভাব
হয় তত অনুভূত।
বিরহ-অনল হই প্রজ্বলিত
দাবানলে পরিণত ॥৪
অন্তরে বাহিরে সন্তাপদায়ক
হয় সেই দাবানল।
প্রেমজ বলিয়া হৃদে তার স্থিতি
চাহেন ভক্তসকল ॥৫
বিরহবিধুর হৈয়া ভক্তবৃন্দ
ব্যগ্রতায় অনুক্ষণ।
শ্রীকৃষ্ণ-দর্শন অভিপ্রায়ে সদা
করেন আর্তি-ক্রন্দন ॥৬
প্রেম ও আর্তিতে হই অভিভূত
স্বতঃস্ফূর্ত যে কীর্তন।
সেই শুদ্ধভক্তি যা' প্রভাবে ভক্ত
লভে কৃষ্ণপ্রেমধন ॥৭
শ্রীকৃষ্ণ অবশ্য করিবে রক্ষণ
এ দৃঢ় বিশ্বাস যা'র।
তাহার কীর্তন হয় স্বতঃস্ফূর্ত
ইহাই সিদ্ধান্তসার ॥৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রভু গৌরহরি তাঁর শিক্ষাষ্টকে
কৈল এই শিক্ষাদান।
চক্ষুজলে বক্ষ সিক্ত করি সদা
কর নাম সংকীর্তন ॥৯
নামকীর্তনেতে তীব্র আর্তিহেতু
নয়নে অশ্রুবর্ষণ।
বিরহ-বেদনা- গ্রস্ত হই সদা
জিহ্বা করে নামগান ॥১০
দৈন্য, আর্তি আর অভাববোধেতে*
হই সদা জর্জরিত।
উৎকণ্ঠায় হৃদ ভরি' হয় ভক্ত
নামকীর্তনেতে রত ॥১১
রাজদরশন কভু না করিতে
ছিল যাঁর দৃঢ় পণ।
প্রতাপরুদ্রের আর্তিতে দ্রবিত
হৈল সে গৌরের মন ॥১২

---

*অভাববোধ — কৃষ্ণপ্রাপ্তিতে বিলম্বহেতু তজ্জনিত অভাববোধ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দরশন দিয়া রাজনকে তিহো
কৈল দৃঢ় আলিঙ্গন।
সেই আলিঙ্গনে রাজেন্দ্র তখন
প্রেমে হইলেন মগ্ন ॥১৩
আর্তির এমন প্রভাব দর্শনে
সর্ব ভক্ত স্তব্ধীভূত।
হই ধন্য ধন্য করিল রাজনে
দেখি তাঁ'র আর্ত চিত্ত ॥১৪
বাসুদেব বিপ্র নামে কুষ্ঠরোগী
শুনি গৌর আগমন।
কূর্ম বিপ্র গৃহে ছুটিলেন ব্যগ্রে
লভিতে তাঁ'র দর্শন ॥১৫
চলিগেল প্রাতে শ্রীগৌর শুনিয়া
কাঁদি হৈল অচেতন।
আবির্ভূত হৈয়া তখনে শ্রীগৌর
কৈল তাঁকে আলিঙ্গন ॥১৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কুষ্ঠব্যাধি গেল সর্বাঙ্গ সুন্দর
হইলেন বিপ্রসুত।
গৌরের কৃপার এ হেন প্রভাব
করিল সর্বে চকিত ॥১৭
গৌরহরি তাঁর এই আচরণে
শিক্ষা দিল সর্বজনে।
আর্তিযুক্ত হৈয়া যে করে সাধন
লভিবে সে প্রেমধনে ॥১৮
যে প্রারব্ধ কর্ম কভু নহে নাশ
তার ফলভোগ বিনে।
এ শ্রুতিবচন* হার মেনে যায়
ভক্তের আর্তি ক্রন্দনে ॥১৯

---

* "তৎ সুকৃতদুষ্কৃতে বিধুনুতে তস্য প্রিয়া জ্ঞাতয়ঃ সুকৃতমুপযন্ত্যপ্রিয়া দুষ্কৃতমিতি ।" (কৌষীতকি ব্রাহ্মণ ১।৪)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণপাদ তাঁহার রচিত 'গোবিন্দভাষ্যে' ইহার অর্থ এইরূপভাবে করিয়াছেন। "শ্রীহরির নিকট গমনশীল বিদ্বান্ সুকৃতদুষ্কৃতে (পুণ্য ও পাপরূপ প্রারব্ধ কর্মদ্বয়) বিধুনুতে (নিক্ষেপ করেন) তস্য প্রিয়া জ্ঞাতয়ঃ (তাঁহার প্রিয় বন্ধুবান্ধবগণ) সুকৃতম্ (ভগবদ্ভক্তের সুকৃতসমূহ এবং) অপ্রিয়া (অপ্রিয় ব্যক্তিগণ) দুষ্কৃতম্ (তাঁহার দুষ্কৃতসকল) উপযন্তি (প্রাপ্ত হন) অর্থাৎ ভোগ করেন।

তস্য পুত্রা দায়মুপযন্তি সুহৃদঃ সাধুকৃত্যাং দ্বিষন্তঃ পাপকৃত্যাম্। অর্থাৎ ঐকান্তিক আর্ত্ত ভক্তের পুত্রগণ বা শিষ্যগণ পৈতৃক ধন ভোগ করেন। সুহৃদ্‌গণ পুণ্যকর্ম ও বিদ্বেষিগণ পাপকর্ম ভোগ করেন।

"তখন হরিধামে গমনকালে বিদ্বান্ ব্যক্তির প্রারব্ধরূপ সুকৃত ও দুষ্কৃত সবই নিষ্ট হয়। সেই বিদ্বান্ ব্যক্তির সুকৃতকে তাঁহার প্রিয় জ্ঞাতিগণ ও দুষ্কৃতকে অপ্রিয় ব্যক্তিগণ ভোগ করেন।" — কৌষীতকি ব্রাহ্মণের উক্তি।

আবার তাঁহার পুত্র ও শিষ্যগণ পৈতৃক ধন ভোগ করেন, সুহৃদ্‌গণ সুকৃতকে ভোগ করেন ও বিদ্বেষিগণ দুষ্কৃতকে ভোগ করেন — ইহা শট্যায়ন শাখিগণের ভক্তি।

শ্রুতিতে ভোগ ব্যতিতও প্রারব্ধ কর্ম ক্ষয় হয় বলিয়া যে উক্তি, তাহা ঈশ্বরের অত্যন্তপ্রিয় আর্ত্ত ভক্তের বিষয়েই উদ্দিষ্ট।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দৈন্য

সাধনে অযোগ্য জানি নিজেকে যে হীন মানি
ব্যাকুল হৃদয়ে সর্বক্ষণ।
করে গৌরনামগান গৌরপ্রভু দয়াবান
হয়েন তা' প্রতি পরসন্ন ॥
তৃণ হৈতে নীচজ্ঞান তাঁহারই শিক্ষা জান
এই শিক্ষা আচরে যে জন।
গৌরহরি তাহা প্রতি হন প্রসন্ন ঝটিতি
তাকে জান মহাভাগ্যবান ॥
দৈন্যমূলা হয় ভক্তি ইহা জানি' যে সুমতি
করে হৃদে দৈন্যের পোষণ।
নহে কামক্রোধ দাস সদা গৌরকৃপা আশ
করি' করে গৌরনাম গান ॥
কৃপাসিন্ধু গৌরহরি তা' অনর্থ দূর করি'
সত্বর করেন প্রেমদান।
এই জন্মে প্রেমধন পেয়ে উল্লসিত মন
সার্থক করয়ে তা' জীবন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দৈন্য ও প্রেম*

প্রেমের অন্তর্লক্ষণ দৈন্য, ইহা সবে জান
দৈন্য পরিপাকে বাড়ে প্রেম।
প্রেমিক হৃদ শীতল যেন যমুনার জল
বাহ্যে দাবানল শিখাসম ॥
যা' হৃদয়ে জাত প্রেম †অভাববোধে তা' মন
সদা হয় দুঃখে জরজর।
সে দুঃখ অতি বিষম যৈছে দাবানল সম
দৈন্য ভরি যায় ঘোরতর ॥
লবণহীন ব্যঞ্জন ক্ষুধাভাবে ভোজ্য অন্ন
অর্থবোধ বিনা শাস্ত্রাবৃত্তি।
ফলবিহীন উদ্যান উপভোগ্য নহে জান
সেইরূপ প্রেম বিনা ভক্তি ॥

---

*শ্রীবৃ:ভা: ২।৫।২২৫-২৩৪

†অভাববোধ - হৃদয়ে শ্রীকৃষ্ণের প্রতি প্রেম জাত হওয়া সত্ত্বেও প্রেমের লেশমাত্র হইল না অনুভব করিয়া তজ্জনিত অভাববোধ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রেম-স্বরূপ অগম্য নহে সে সাধনগম্য
গৌরকৃপা হবে যা'র প্রতি।
প্রেমের স্বরূপজ্ঞান হয় তা'র ততক্ষণ
জানিবে সে প্রেমপ্রাপ্তিরীতি ॥

করি' গৌরকৃপা আশ যে কাঁদিবে অহর্নিশ
পাইবে সে গৌরভক্ত-সঙ্গ।
সেই সঙ্গে অবিরাম দৈন্যভরে কৈলে নাম
জাত হবে প্রেমের তরঙ্গ ॥

এই প্রেম নহে সাধ্য গৌরজন-কৃপাবেদ্য
সেই কৃপা লাগি' যে ব্যাকুল।
সে ত মহাভাগ্যবান লভে কৃষ্ণপ্রেমধন
হয় তার সাধন সফল ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উৎকণ্ঠা

কবে আহা গৌরাঙ্গ বলিয়া।
স্মরি তাঁর গুণ চক্ষুজলে বুক
ভাসাইব আর্ত হৈয়া॥
কবে গৌরকৃপা পাইব বলিয়া
উৎকণ্ঠাভরা অন্তরে।
গুরুকৃপা স্মরি হা গৌরাঙ্গ বলি'
ডাকিব কাতর স্বরে॥
ওহে গৌরহরি! ওহে নিত্যানন্দ!
কর কৃপা দৃষ্টিপাত।
তব নিজজন চরণকমলে
দৃঢ় হউ মোর চিত্ত॥
কত শিক্ষা তেঁহ দিলেন সকলে
খেদভরে অবিরাম।
কৃপা আশে সদা হৈয়া উৎকণ্ঠিত
গাইতে তোদের নাম॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপরাধে ভেল হৃদয় পাষাণ
নাহি মম নেত্রে লোর।
কাঁদিয়া সদাই ডাকিব তোমায়
এ আশা বিফল মোর॥
হা গৌর নিতাই! দেহ কৃপাদিঠি
এ দীন দুর্ভাগা প্রতি।
যায় যেন কাল শ্রীগুরুদেবের
গুণের স্মরণে মাতি॥
সদা তব লীলা- স্মৃতিতে উদ্‌বুদ্ধ
হই ব্যাকুলিত চিত্তে।
তব নাম গানে যে শিক্ষা তাঁহার
হৃদে স্ফুরু অবিরতে॥
তব কৃপা আশে হৈয়া উৎকণ্ঠিত
গাহিতে তোমার নাম।
যে শিক্ষা তাঁহার হউ উদ্দীপিত
মোর হৃদে অবিরাম॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগৌরনিত্যানন্দের দয়া

পরম করুণ শ্রীগৌর-নিতাই
কলিযুগে অবতরি।
পাপী তাপী আর অপরাধী হৃদে
প্রেমামৃত দিলে ভরি' ॥
মহাবদান্য সে প্রভু গৌরহরি
না কৈলে কিছু বিচার।
*অনভীপ্সু হৃদে দিলে প্রেম ভরি'
এ হেন দয়া তাঁদের ॥
জগাই মাধাই মত পাপী আর
না ছিল তিন ভুবনে।
নিত্যানন্দদ্বারা দিয়া প্রেমভক্তি
উদ্ধারিল দুইজনে ॥
এমন পাতকী পাষাণ হৃদয়
হই গেল বিগলিত।
অনুতাপে জ্বলি' লোচনের লোরে
কৈল সদা বক্ষ সিক্ত ॥

---

*অনভীপ্সু — অনিচ্ছুক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আহারের চেষ্টা ভুলি' কৈল তারা
সতত আত্মধিক্কার।
তাঁদের এ দশা দর্শনে গৌরের
হৃদ হইল কাতর ॥
মিলি' ভক্ত সঙ্গে প্রবোধি' দুজনে
করান নিতি ভোজন।
নিজ অপকর্ম সঙরি মাধাই
হয় শোকে ম্রিয়মাণ ॥
নিত্যানন্দ অঙ্গে কৈনু রক্তপাত !
হইলে ইহা স্মরণ।
করি' বক্ষাঘাত হয় সে অচেত
না থাকয় বাহ্য জ্ঞান ॥
ওহে গৌরচন্দ্র ! ওহে নিত্যানন্দ !
তব শক্তি লোকাতীত।
এহেন পাতকী দ্বয়কে করিলে
পূজ্য মহাভাগবত ॥
এইরূপে যত যত পাপী ছিল
চিন্তি' সবার মঙ্গল।
প্রেমদানে কৈলে সার্থক জীবন
তা' দেখি সবে বিহ্বল ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হে পুরী গোসাঞি কি আর বলিব
তব অলৌকিক গুণ।
ব্যাকুল হৃদয়ে গৌর-নিত্যানন্দে
ডাকি' সদা যাপ দিন॥
শিক্ষা দিলে সর্বে আর্তিভরা হৃদে
ডাক 'হা গৌর-নিতাই'।
ক্ষমি' অপরাধ উদ্ধারিবে তাঁ'রা
কৃষ্ণপ্রেমামৃত দেই॥
ওহে গুরুদেব! কি বিস্ময়কর
তোমার গুণ-মহিমা।
অনুগত জনে তোমার যে কৃপা
কে পাইবে তার সীমা॥
সেই কৃপা আশে সদা আছে বসে
এই দীন দিবাকর।
কৃপাদৃষ্ট্যে করি' তীব্র আর্তিদান
কর তা' জন্ম সফল॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বদুষ্কর্মচিন্তায় ব্যাকুলতা ও কৃপাপ্রার্থনা

যেসব দুষ্কর্ম করিয়াছি আমি
চিন্তি' সে দুষ্কর্মকথা।
মন অবসন্ন হৃদয় 'বিদীর্ণ
হয় হে প্রভো ! সর্বথা ॥১
আহে সীতানাথ ! আরাধিয়া কৃষ্ণে
করি হুঙ্কার গর্জন।
আনিলে গৌরকে এ মর্ত্ত্যমণ্ডলে
তারিতে জগতজন ॥২
ওহে শ্রীগৌরাঙ্গ ! ওহে নিত্যানন্দ !
কর বারে দৃষ্টিপাত।
এ পতিত কথা চিন্তা করি বারে
কর তা'কে আত্মসাত ॥৩
পাপী তাপী যত ছিল সে সময়ে
সরবে তারিলে হেলে।
জগাই মাধাই আর দস্যুগণে
প্রেমেতে পাগল কৈলে ॥৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাধনের কথা জাগি' নাই প্রভো !
কারও হৃদকন্দরে।
তথাপি এ সর্বে তোদের যে কৃপা
কেবা তা বর্ণিতে পারে ॥৫
শাস্ত্রে কহে প্রভো ! তোদের স্মরণ
হয় ত শ্রেষ্ঠ সাধন।
কেমনে সে স্মৃতি এ পাপী হৃদয়ে
জাগিবে হে অনুক্ষণ ॥৬
সে স্মৃতি-অনল অপরাধ-মল
দাহি' চিত্তকে শোধিবে।
সেই শুদ্ধচিত্তে ব্যাকুল ক্রন্দন
করি' তোমাকে ডাকিবে ॥৭
হেন মতে কাঁদি' কাঁদি' ডাকি কবে
এ পাপী দেহ ছাড়িবে।
অন্তকালে লভি' তোদের দর্শন
জীবন ধন্য করিবে ॥৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌর-ভজনের বৈশিষ্ট্য

অপরাধ ফলে হৃদ হইল পাথর।
ভোগাকুল চিত্ত নয়নেতে নাহি লোর ॥১
সাধুকৃপা নহি হৃদ নহে বিগলিত।
কৃষ্ণকৃপাবাঞ্ছা হৃদ হইতে বিগত ॥২
দুর্ভাগা জীবকুলের দুর্দশা দর্শন।
করি' শিক্ষা দিল গৌরানুগ ভক্তগণ ॥৩
প্রভু গৌরহরি অযাচিত কৃপা করি'।
দিলে সর্বে প্রেম পাত্রাপাত্র না বিচারি' ॥৪
পাপী তাপী অপরাধী দীন হীন জন।
পাইলে সে প্রেমধন না করি' সাধন ॥৫
ইহাই তাঁহার দরশনের প্রভাব।
দরশনে উপজয় কৃষ্ণে প্রেমভাব* ॥৬

---

*কেবল শ্রীগৌরহরির দর্শনপ্রভাবে কোন সাধন না করিয়াই লোক প্রেমে উন্মত্ত হইয়া অশ্রু, কম্প, পুলকাদি চিহ্নে বিভূষিত হইত। তারপর তিনি তাহাদিগকে মহামন্ত্র গ্রহণের উপদেশ দিতেন। ইহাই শ্রীগৌরহরির বিশেষ কৃপা। শ্রীগৌরহরির এই আচরণ হইতে প্রমাণিত হয় যে শ্রীকৃষ্ণনাম জাতরতির বা মুক্তকুলের উপাস্য। সেইজন্য শ্রীরূপপ্রভু বলিয়াছেন "অয়ি মুক্তকুলৈরুপাস্যমানং পরিতস্ত্বাং হরিনাম সংশ্রয়ামি।" (শ্রীনামাষ্টক)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপরাধ ত্যজি' কৃষ্ণচরণ ভজিব।
কলিহত জীবে ইহা নহে ত সম্ভব ॥৭
কৃষ্ণ ভজিলে সে ভক্তে ভুক্তি মুক্তি দিয়া।
প্রেমভক্তি না দিয়া রাখেন লুকাইয়া ॥৮
* ভাগবত-বচন ইহার পরমাণ।
অতএব ইহা জানি' হও সাবধান ॥৯
সেই কৃষ্ণ রাধাভাবে হৈয়া বিভাবিত।
গৌররূপে প্রেমে ভাসাইলেন জগত ॥১০

---

* রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং।
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ ক্ব চ কিঙ্করো বঃ।
অস্ত্বেবমঙ্গ ভগবান্ ভজতাং মুকুন্দো
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম্ ॥
(শ্রীভা: ৫।৬।১৮)

অর্থাৎ হে মহারাজ পরীক্ষিৎ! ভগবান্ শ্রীকৃষ্ণ আপনাদের (পাণ্ডবদের) ও যদুদের পালনকর্তা, উপাস্য, বন্ধু ও কুলের নিয়ামক হইয়াছিলেন, কখনও বা দৌত্যাদি কার্যে আপনাদের (পাণ্ডবদের) আজ্ঞানুবর্তী কিঙ্করের কার্যও করিয়াছেন। এইরূপ হইলেও যাহারা তাঁহার ভজন করেন, তিনি তাহাদিগকে মুক্তি দিয়া থাকেন; কিন্তু কখনও কাউকে ভক্তিযোগ বা প্রেম দেন না। তিনি ঈশ্বরভাব লইয়া অবতীর্ন হইয়াছিলেন বলিয়া যাহাদিগকে হত্যা করিয়াছেন তাহাদিগকে সাযুজ্য মুক্তিই দিয়াছেন। তিনি মুখ্যতঃ বৈধী ভক্তি কথাই শিক্ষা দিয়াছেন। তাঁর শিক্ষানুযায়ী বৈধী ভক্তি করিলে বৈকুণ্ঠের চতুর্বিধা মুক্তিই লাভ হইয়া থাকে। প্রেম লাভ হয় না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জগাই-মাধাই মত পাপী দুরাচার।
পাইল সে প্রেমধন নেত্রে ঝরে লোর ॥১১
স্বতন্ত্র ঈশ্বর গৌর পরম উদার।
যথা তথা দিল প্রেম না কৈল বিচার ॥১২
অপরাধ বিচার না কৈল কদাচন।
সর্বজীবে বিতরিল কৃষ্ণপ্রেমধন ॥১৩
মহাবদান্য সে প্রভু কৃপাপারাবার।
তাঁকে না ভজিলে কভু না হয় নিস্তার ॥১৪
শ্রীপুরীদাস ঠাকুর করি' এ বিচার।
শিক্ষা দিলে সর্বজনে গৌর নাম সার ॥১৫
চক্ষু-জলে বক্ষ ধুই গাহ অবিরাম।
"শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম ॥"*১৬
আর্তিভরে এই নাম করিলে কীর্তন।
এই জন্মেই অবশ্য মিলিবে প্রেমধন ॥১৭

---

* "শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গৌরগুণধাম"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিরহে জ্বলি' সে অশ্রুজলে বক্ষ ধুই'।
কাটাতেন কাল সদা এই নাম গাই ॥১৮
* হরিদাস ঠাকুরের শিক্ষা স্মরি' মনে।
শ্রীগৌরভজন-শিক্ষা দিলে সর্বজনে ॥১৯
নির্যাণসময়ে অনুগত জনে স্মরি।
গৌরনাম উপদেশ দিলে কৃপা করি ॥২০
ধন্য সে করুণাময় গৌর-নিজজন।
তাঁ'র গুণ স্মরি যাউ দিবাকর প্রাণ ॥২১

---

* শ্রীল হরিদাস ঠাকুর সারাজীবন নিয়ম করিয়া দৈনিক তিন লক্ষ মহামন্ত্র জপ করিতেন। কিন্তু তাঁর নির্যাণ কালে তিনি শ্রীগৌরহরির শ্রীপাদপদ্ম বক্ষে ধারণ করিলেন এবং তাঁহার শ্রীমুখপদ্মে চক্ষুভৃঙ্গদ্বয় নিবিষ্টপূর্বক 'শ্রীকৃষ্ণচৈতন্য' নাম উচ্চারণ করিতে করিতে নির্যাণ লাভ করিলেন। তাঁহার এই আচরণদ্বারা শ্রীগৌর ও শ্রীকৃষ্ণ যে অভিন্ন, নামাচার্যরূপে তিনি এই শিক্ষা জগদ্বাসীকে দিয়া গেলেন। তাঁহার এই শিক্ষায় উদ্বুদ্ধ হইয়াই শ্রীল পুরীদাস ঠাকুর তাঁর অনুগত সকলকে অনুক্ষণ শ্রীগৌরনাম কীর্তনের উপদেশ দিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরানুগ সাধকের নামকীর্তন প্রণালী

দ্বাপর যুগেতে অবতরি কৃষ্ণ
লীলা সাঙ্গ কৈল যবে।
নিত্যধামে গিয়া করিল চিন্তন
অবতার কথা তবে ॥১

ব্রজবাসী প্রেম অতীব নির্মল
কেমনে সে প্রেমধন।
দিবে সর্বজনে না করি' বিচার
কাহারও দোষগুণ ॥২

*চারিভাব দিয়া ভাসাইবে মহি
প্রেমে লোক উনমত।
করি' নাচাইবে সকল সংসার
দেখি' হবে হরষিত ॥৩

ফাল্গুন পূর্ণিমা প্রদোষ সময়ে
গ্রহণের ছল করি'।
নিজে প্রভু কৃষ্ণ হৈল অবতীর্ণ
শ্রীগৌরাঙ্গ-রূপ ধরি' ॥৪

---

* চারিভাব - দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রহণসময়ে গাহি হরিনাম
সর্ব নবদ্বীপ-জন।
শুভক্ষণ হেতু মহানন্দে যাই
কৈল সর্বে গঙ্গাস্নান ॥৫
কলিযুগ-ধর্ম নাম সংকীর্তন
জানাইতে সর্বক্ষিতি।
নাম-গান-রোলে আসিলে শ্রীগৌর
ধরি' রাধাভাব কান্তি ॥৬
তৃণ হৈতে হীন তরুবৎ সহিষ্ণু
হই অমানী মানদ।
কৃষ্ণনাম সদা করিলে কীর্তন
মিলিবে প্রেমসম্পদ ॥৭
কৃষ্ণকৃপা আশে হৈয়া ব্যগ্রচিত্ত
চক্ষু জলে বক্ষ ধুই'।
যে গাহিব নাম কৃষ্ণ পদ ধ্যান
করি সদা দীন হই' ॥৮
পাইবে সে প্রেম এই জনমেতে
না হবে ইহা অন্যথা।
এই শিক্ষা দিয়া প্রভু গৌরহরি
ঘুচাইলে মনোব্যথা ॥৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ষড়গোস্বামী ত করি' আচরণ
কৈলে এই শিক্ষাদান।
চক্ষুজলে বক্ষ ধৌত করি' সদা
কর নাম-সংকীর্তন ॥১০
হ্লাদিনী শক্তির বৃত্তি এই ভক্তি
নহে জীবচেষ্টাধীন।
মহতের কৃপা আশে সদা কাঁদি'
কর নাম-সংকীর্তন ॥১১
উত্তমঃশ্লোক সে প্রভু ভগবান
তাঁ'র জন কৃপা আশে।
যে সাধিবে ভক্তি ব্যাকুল হৃদয়ে
লভিবে সে প্রেম শেষে ॥১২
ভাগবত শাস্ত্র দিল এই শিক্ষা
*অম্বরীষ উপাখ্যানে।
এইভাবে সদা কৈলে আচরণ
ধনী হবে প্রেমধনে ॥১৩

---

*কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ।
(শ্রীভা: ৯।৪।২০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনাসঙ্গ ভাবে অভ্যাসিলে ভক্তি
পুণ্যলাভ হ'বে সার।
ভক্তির বাধক এই পুণ্যফল*
ইহা অতীব অসার ॥১৪

---

*"নামগ্রহণাদীন্যপি যদি কর্মাদৌ তৎসাদ্‌গুণ্যাদার্থং প্রজুষ্যন্তে, তদা তস্য ধর্মস্য পরত্বং নাস্তি – তুচ্ছফলার্থং প্রযুক্তত্বেন তদপরাধাদিত্যর্থঃ– তথৈব ক্ষয়িষ্ণুফলদাতৃত্বঞ্চ ভবতীতি ভাবঃ।"

অর্থাৎ নামগ্রহণাদি যদি স্বসুখার্থ কাম্য কর্মের ফলপ্রাপ্তির উদ্দেশ্যে অনুষ্ঠিত হয়, তাহা হইলে তাহা পরমধর্ম হইবে না। কারণ তুচ্ছ ফল অর্থাৎ কাম্য কর্মের নশ্বর ফল কিংবা প্রতিষ্ঠালাভাদি তুচ্ছ ফলের উদ্দেশ্যে অনুষ্ঠিত হইলে ইহা নামাপরাধরূপেই গণ্য হয় এবং ক্ষয়িষ্ণু পুণ্যফললাভেই ইহার পরিসমাপ্তি হইয়া থাকে। (শ্রীভা: ৬।৩।২২ শ্লোকের শ্রীক্রমসন্দর্ভটীকা)

নামকীর্তনপ্রণালী সম্বন্ধে শ্রীগৌরহরি তাঁহার রচিত শিক্ষাষ্টকে যে শিক্ষা দিয়াছেন, সেই শিক্ষাদ্বারা চালিত হইয়া নাম কীর্তন করিলে এই জন্মেই প্রেমপ্রাপ্তি অবশ্যম্ভাবী হইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তির কারণ নহে অনুষ্ঠান*
ভক্তিমূল হয় ভাব।
সাধুকৃপা হ'লে মিলিবে সে ভাব
অভ্যাসে তা' অসম্ভব ॥১৫
†প্রিয়শ্রবা কৃষ্ণ তাঁ'র সুখ আশে
করিবে যে নামগান।
পাইবে সে প্রেম অনতিবিলম্বে
ইহাতে না হ'বে আন ॥১৬
ভক্তিবীজ এই কৃষ্ণ-সুখ-চিন্তা
হ্লাদিনীর নিত্য বৃত্তি।
এ ভক্তিবাসনা তাহাতে সম্ভব
প্রসন্ন সাধু যা' প্রতি ॥১৭
করুণাসাগর ওহে গুরুদেব!
কর কৃপাবলোকন।
ভকতিবাসনা লভি' দিবাকর
সার্থক করু জীবন ॥১৮

---

*অনুষ্ঠান — বাহ্য আচরণ।

† প্রিয়শ্রবা -ও শ্রীকৃষ্ণ তাঁহার নামগুণ বা যশ কীর্তন শ্রবণে প্রীত হন, সেইজন্য তাঁহাকে প্রিয়শ্রবা বলা হয়। শ্রবঃ = যশ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনাদিবিমুখ হইয়া ভুলেছি
মো প্রিয় প্রভুকে মুঞি ।
তাঁর প্রীতি কথা গিয়াছি পাসোরি
মায়ার কিঙ্কর হই ॥১
সাধুশাস্ত্র মুখে শুনেছি এ কথা
করে যে নাম-আশ্রয় ।
নাম-কৃপাবলে অনায়াসে তার
হয় কৃষ্ণপ্রেমোদয় ॥২
নামকীর্তন ত বহুকাল কৈনু
না হইল ভাবোদয় ।
সাধন মো বৃথা চিন্তি' সেই কথা
ব্যথিত হৈল হৃদয় ॥৩
মো সম দুঃখিত জীবের দুর্দশা
চিন্তি' প্রভু সনাতন ।
ভাগবতামৃতে নাম-সাধনের
বিধান কৈল বর্ণন ॥৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যাকুল হৃদয়ে উচ্চারিলে নাম
ভক্তের আহ্বানে হরি।
সম্মুখে তাহার হই আবির্ভূত
বর্ষেন আশিষবারি* ॥৫
পরম বিরহ- জাত প্রেমার্তিতে
অভিভূত হই ভক্ত।
করেন সতত নাম সংকীর্তন
বক্ষ করি' অশ্রুসিক্ত ॥৬

---

*"নামসংকীর্তনং প্রোক্তং কৃষ্ণস্য প্রেমসম্পদি।
বলিষ্ঠং সাধনং শ্রেষ্ঠং পরমাকর্ষমন্ত্রবৎ ॥"
(শ্রীবৃ:ভা: ২।৩।১৬৪)

শ্রীনামসংকীর্তনই কৃষ্ণপ্রেমসম্পত্তিলাভের অন্তরঙ্গ ও অতি বলিষ্ঠ সাধন। কারণ ইহা পরমাকর্ষক মন্ত্রবৎ।

সরলভাবে ব্যাকুল হৃদয়ে শ্রীভগবানের নাম কীর্তন করিলে তাদৃশ ভক্তের আহ্বানে শ্রীভগবান্ তাহার সম্মুখেই আবির্ভূত হয়েন। বাস্তবিকপক্ষে শ্রীনামকীর্তন সিদ্ধমন্ত্রবৎ দুর্লভতর বস্তুকে দূর হইতে আকর্ষণ করিয়া আনেন। (উক্ত শ্লোকের টীকায় শ্রীসনাতনপাদের উক্তি)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বরষা বিহীনে চাতক যেমনে
হয় ত অতি বিকল* ।
বর্ষাজল আশে হই উৎকণ্ঠিত
সতত কাটায় কাল ॥৭
চক্রবাকী আর কুররী সতত
পতি বিরহে যেমন ।
বিকল হৃদয়ে করেন রোদন
না জানয়ে রাত্রি দিন ॥৮

---

*"সল্লক্ষণং প্রেমভরস্য কৃষ্ণে কৈশ্চিদ্রসজ্ঞৈরুত কথ্যতে তৎ ।
প্রেম্ণো ভরেণৈব নিজেষ্টনামসংকীর্তনং হি স্ফুরতি স্ফুটার্ত্যা ॥
নাম্নাস্তু সংকীর্তনমার্তিভারান্মেঘং বিনা প্রাবৃষি চাতকানাম্ ।
রাত্রৌ বিয়োগাৎ স্বপতে রথাঙ্গীবর্গস্য চাক্রোশনবৎ প্রতীহি ॥"
(শ্রীবৃ:ভা: ২।৩।১৬৬-১৬৭)

অর্থাৎ রসজ্ঞগণ নামসংকীর্তনকেই প্রেমের স্বরূপ বলিয়া নির্ণয় করিয়াছেন। তাঁহারা বলেন — নামসংকীর্তনই শ্রীকৃষ্ণপ্রেমের উৎকৃষ্ট লক্ষণ। কারণ নিজের ইষ্টনাম প্রাণের ব্যাকুলতার সহিত পরিস্ফুটরূপে কীর্তন করিলে তাহা স্বয়ংই প্রেমভরে স্ফূর্তিপ্রাপ্ত হইয়া থাকে। বর্ষাকালে মেঘবিনা চাতকের আর্তনাদ এবং রাত্রিকালে পতিবিয়োগবিধুরা চক্রবাকী ও কুররীর করুণস্বরে বিলাপ করিয়া পতিকে আহ্বান করার ন্যায় ভক্তগণও পরমবিরহজাত প্রেমার্তিতে অভিভূত হইয়া ব্যাকুল হৃদয়ে নামসংকীর্তন করিয়া থাকেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মুঞি সেইরূপে ব্যাকুল হৃদয়ে
মো প্রিয় প্রভুর নাম।
ডাকিমু সতত বক্ষ করি' সিক্ত
অশ্রুজলে অবিরাম ॥৯
জীবিতাবস্থায় থাকিলে সে আর্তি
হৃদয়ে সতত মোর।
অবশ্য নির্যাণে স্বদুষ্কর্ম স্মরি
নয়নে ঝরিবে লোর ॥১০
ব্যাকুল হৃদয়ে ডাকি' তাঁর নাম
জানাইলে স্ব দুরিত।
ভকতবৎসল প্রভুর হৃদয়
তখনি হবে গলিত ॥১১
শুনিবে অবশ্য এ আরত ডাক
আর্তবন্ধু শ্রীনিবাস।
দিয়া দরশন মরণ সময়ে
দিবেন গোলোকে বাস ॥১২
গজরাজ আর দ্রৌপদী দেবীর
শুনি' আরত রোদন।
শ্রীহরি যেমন হৈয়া ব্যগ্রমন
উদ্ধারিলে সেই ক্ষণ ॥১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নয়নের লোরে করি' বক্ষ সিক্ত
যেবা ভাগ্যবান জন।
ডাকিবে সতত প্রয়াণে অবশ্য*
লভিবে তাঁ'র দর্শন ॥১৪

---

* মরণে তু সর্বথা সকৃদেব যথাকথঞ্চিদপি ভজনমপেক্ষতে। তত্র হি তস্যৈব সকৃদপি ভগবন্নামগ্রহণাদিকং জায়তে, — যস্য পূর্বত্র বাত্র বা জন্মনি সিদ্ধেন (কৃতেন) ভগবদারাধনাদিনা তদানীং স্বীয়প্রভাবং প্রকটয়তানন্তরমেব ভগবৎ-সাক্ষাৎকারো ভাব্যতে। (শ্রীভ:স: ১৬৩ অনু:)

অর্থাৎ মরণকালে সর্বতোভাবে যেকোনরূপে একবার সাধনের অপেক্ষা রহিয়াছে। পরন্তু যাহার পূর্বজন্মে বা ইহজন্মে কৃত ভগবদারাধনাদি মরণকালে স্বীয় প্রভাব প্রকাশ করিয়া মরণের পরেই শ্রীভগবানের সাক্ষাৎকার ঘটাইয়াথাকে, মরণকালে তাদৃশ ব্যক্তিরই একবারমাত্র নামগ্রহণাদি সম্ভব হয়।

"অত্র মরণে সর্বেষাং দৈন্যোদয়োঽপি শ্রীভগবৎকৃপাতিশয়-দ্বারমিতি দ্রষ্টব্যম্।" (শ্রীভ:স: ১৬৬ অনু:)

অথাৎ মরণকালে সকলেরই যে দৈন্য উদিত হয়, ইহাও শ্রীভগবানেরই অতিশয় কৃপালাভের দ্বারস্বরূপ বলিয়া জানিতে হইবে (অর্থাৎ এই দৈন্যকে দ্বাররূপে অবলম্বন করিয়াই তাদৃশ ব্যক্তির প্রতি শ্রীভগবানের কৃপার উদয় হইয়া থাকে)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হরিকীর্তনের এই যে মহিমা
না হ'বে কভু বিফল।
প্রভুকৃপাকে যে করিবে সম্বল
লভিবে এ মহাফল ॥১৫
হ্লাদিনীর দূত ওহে গুরুদেব!
কর কৃপাশক্তিদান।
দীন দিবাকর যেন আর্ত হই
সদা করে নাম গান ॥১৬

আর্তিযুক্ত নামকীর্তনের প্রভাব

গোলোকের প্রেম- ধন হরিনাম
সে ত হ্লাদিনীর বৃত্তি।
তাঁর নিজজন কৃপা বিনা কভু
না হইবে তা'র স্ফূর্তি ॥১
স্বয়ং মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য
কৈল এই নির্ধারণ।
মহতের কৃপা না হইলে কভু
না হ'বে নাম স্ফুরণ ॥২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদেতে কণ্টক ফুটা মাত্রেই ত
'আহা !' শব্দ প্রকাশিত।
হয় যেনমতে শ্রীনাম তেমনি
হয়েন স্বতঃ স্ফুরিত ॥৩
গজরাজ আর দ্রৌপদী যেমনে
*স্বতঃস্ফূর্ত ভাব লই'।
বিপদ সময়ে একাগ্র চিত্তেতে
ডাকিল ব্যাকুল হই' ॥৪

---

*স্বতঃস্ফূর্ত ভাব — শ্রীকৃষ্ণ একমাত্র রক্ষক, এই দৃঢ় বিশ্বাস তাঁহাদের হৃদয়ে ছিল বলিয়া অর্থাৎ তাঁহারা সম্পূর্ণ শরণাগত ছিলেন বলিয়া শ্রীহরি অবশ্যই তাঁহাদিগকে রক্ষা করিবেন — এই দৃঢ় বিশ্বাস থাকায় তাঁহাদের ডাক স্বতঃস্ফূর্ত হইয়াছিল। শিশুর কোন বিপদ পড়িলে সে অজ্ঞ হইলেও মা'কে একমাত্র রক্ষকজ্ঞানে স্বতঃ যেরূপ মাএর আশ্রয়ের জন্য ধাবিত হয়, সেইরূপ শরণাগত ভক্ত সর্বদা শ্রীভগবানকে একমাত্র রক্ষক জ্ঞান করে বলিয়া স্বতঃ তাঁহারই কৃপা প্রার্থনা করিয়া থাকে। ইহাই তাহার স্বতঃস্ফূর্ত ভাব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাদের আর্তিতে হৈল বিগলিত
শ্রীহরি-হৃদকন্দর।
সেই ক্ষণে দোঁহা উদ্ধারিলে তেঁহ
হইয়া অতি তৎপর ॥৫
ভক্ত-হৃদয়ের স্বতঃস্ফূর্ত আর্তি
হ্লাদিনীর তাহা বৃত্তি।
ভক্তের দৈন্যেতে হয় উচ্ছলিত
এই ত ভক্তির রীতি ॥* ৬
আর্তিযুক্ত নাম শ্রীকৃষ্ণের-হৃদে
প্রবেশি' করে গলিত।
তুরিতে আর্তকে করিতে করুণা
হন তেঁহ ব্যগ্রচিত্ত ॥৭

---

*ভক্তির্হি ভক্তকোটিপ্রবিষ্ট-তদার্দ্রীভাবয়িতৃ-তচ্ছক্তিবিশেষঃ।
দৈন্যসম্বন্ধেন চ সাধিকমুচ্ছলিতা ভবতীতি তত্র তদাধিক্যম্।
(শ্রীভক্তিসন্দর্ভ ১৮৪ অনুঃ)

অর্থাৎ ভক্তবর্গের চিত্তে প্রবিষ্ট ভগবচ্ছক্তিবিশেষই ভক্তি — যাহা ভক্তের দৈন্যহেতু কৃপাভাবদ্বারা শ্রীভগবানের চিত্তকে বিগলিত করে। দৈন্যসম্বন্ধবশতঃ ভক্তি অত্যধিক উচ্ছলিত হয় বলিয়া দৈন্যযুক্ত ভক্তের মধ্যেই ভক্তির আধিক্য দেখা যায়, ইহা বুঝিতে হইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীহরির নাম স্মরণ ক্রন্দন*
নামকীর্তনের রীতি।
গৌরহরি ইহা করি' আচরণ
শিখাইল সর্ব ক্ষিতি ॥৮
অনুভূতিহীন ক্রন্দনবিহীন
যে বা শ্রীনামকীর্তন।
তোতার কীর্তন- সম নিরর্থক
পুণ্যমাত্র অরজন ॥৯
এই অনাসঙ্গ† ভক্তির সাধন
না হয় প্রেমসাধক।
পুণ্যফল ইহা অতীব অসার
ভক্তিপথের কণ্টক ॥১০

---

* "ভক্তিযোগ ভক্তিযোগ ভক্তিযোগধন।
'ভক্তি'এই কৃষ্ণনাম স্মরণ ক্রন্দন ॥ (শ্রীচৈ:ভা: ২।২৩।৭২-৭৩)

কৃষ্ণ বলি' কাঁদিলে সে কৃষ্ণনাথ মিলে।
ধনে কুলে কিছু নহে' কৃষ্ণ' না ভজিলে ॥

† "সাধনৌঘৈরনাসঙ্গৈরলভ্যা সুচিরাদপি।
হরিণা চাশ্বদেয়েতি দ্বিধা সা স্যাৎ সুদুর্লভা ॥"

অর্থাৎ বহুকাল অনাসঙ্গ অর্থাৎ অযত্নশীল হইয়া সাধন করিলেও প্রেমলাভ হইবে না। আবার সাসঙ্গ অর্থাৎ যত্নশীল হইয়া সাধন করিলেও হৃদয় হইতে ভোগমোক্ষবাসনা দূর হইয়া মহৎকৃপায় তাহাতে ভক্তিবাসনা (শ্রীকৃষ্ণের প্রীতিবিধান বাসনা) সঞ্চার না হওয়া পর্যন্ত প্রেমলাভ হইবে না। (শ্রীভ:র:সি: ১।১।৩৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইষ্ট-সুখচিন্তা ভক্তিলতাবীজ
গৌরহরির এ শিক্ষা।
মহৎকৃপায় লভ্য হয় ইহা
জীবচেষ্টা ইথে বৃথা ॥১১
ইষ্টসুখচিন্তা- হীন যে কীর্তন
নাহি তথা ভক্তিফল।
খ্যাতিলাভ আশা হইয়া প্রবল
করয়ে চিত্ত চঞ্চল ॥১২
ভক্তি নহে ইহা ভক্তির আকারে
অনর্থ এ ভক্তিজাত*।
ভক্তিবিঘাতক এই হরিনাম
করে ভক্তিপথ চ্যুত ॥১৩

---

*শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিঠাকুরের রচিত 'শ্রীমাধুর্যকাদম্বিনী'তে অনর্থপ্রকরণে অনর্থ বিষয়ে উল্লিখিত হইয়াছে — অনর্থ চারি প্রকার; যথা — সুকৃতজাত (পূর্বজন্মের পুণ্যফল হইতে জাত), দুষ্কৃতজাত — (পূর্বজন্মের পাপফল হইতে জাত), ভক্তিজাত (নামকীর্তনাদি ভক্তির অনুষ্ঠান করিয়াও ইষ্টদেবের সুখচিন্তার পরিবর্তে প্রতিষ্ঠাদি লাভের আশা হইতে জাত) ও অপরাধজাত (পূর্বজন্মকৃত অপরাধ হইতে জাত)। শ্রীহরিনাম জপকালে শ্রীকৃষ্ণের সুখচিন্তা না থাকিলে রজোগুণের প্রভাবে প্রতিষ্ঠাশা যে হৃদয়ে জাগিবে, ইহা নিঃসন্দেহ। ইহাই অন্যাভিলাষিতা। সুতরাং ইহা শ্রীকৃষ্ণের কৃপালাভের ঘোর অন্তরায়। তাই ইহাকে 'ভক্তিজাত অনর্থ' বলা হইয়াছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ শিক্ষা সমঝি *বিক্ষেপকে ত্যজি
হৃদয়েতে আর্তি ভরে।
ডাকিব প্রভুকে অশ্রুসিক্ত মুখে
অন্যবাঞ্ছা ত্যজি' দূরে ॥১৪

ষড়গোস্বামীর এই শিক্ষা পুনঃ
নরোত্তমের এ কথা।
প্রভুকৃপা আশে ব্যাকুল হৃদয়ে
পাষাণে কুটিব মাথা ॥১৫

দীন দিবাকরে কর এই কৃপা
ওহে শ্রীপুরী গোসাঞি।
গৌর কৃপা আশে কাঁদি যেন কাল
যায় তব পদ ধ্যায়ি' ॥১৬

---

*রজোগুণজাত চিত্তবিক্ষেপ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্মমিশ্র সাধকের নামকীর্তন প্রণালী

ওহে কৃষ্ণনাম তব মহিমা অপার।
তব পদে নতি মুঞি করি বার বার ॥১
হেলা কিংবা অশ্রদ্ধায় বারে উচ্চারণ।
কৈলে তুমি কর সর্ব পাপ প্রশমন ॥২
কিন্তু অপরাধে মোর হৃদয় পাষাণ।
তব উচ্চারণে মুঞি সর্বদা বিমন ॥৩
অবিশ্রান্ত ভাবে কৈলে তব উচ্চারণ।
অপরাধ হবে ক্ষয় এ শাস্ত্র-বচন ॥৪
জানিয়াও ভালভাবে এ শাস্ত্রবচন।
দুর্দৈব তোমার জপে না লাগে মো মন ॥৫
*তোমার শরণাগত হৈয়া অবিশ্রান্ত।
তব উচ্চারণে হবে অপরাধ অন্ত ॥৬
কিন্তু হায়! বহুবার করি উচ্চারণ।
তোমার শরণ বিনা বিফল সাধন ॥৭

---

* যাতে নীমাপরাধেঽপি প্রমাদেন কথঞ্চন। সদা সংকীর্তয়ন্নাম তদেক শরণো ভবেৎ। (শ্রী হ:ভ:বি ১১।৫২৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রজোগুণ প্রভাবেহৈ বিক্ষেপ চিত্তের।
তব জপকালে অন্য চিন্তা ঘোরতর ॥৮
বিক্ষেপ প্রভাবে জপে না লাগয় মন।
তমোগুণহেতু নিদ্রা আইসে ঘন ঘন ॥৯
লয় বিক্ষেপ কারণে চিত্ত ত বিকল।
তোমার জপ প্রয়াস হইল বিফল ॥১০
*কৃষ্ণদাস কবিরাজ দিল আশ্বাসন।
না হই হতাশ কর গৌর-নাম গান ॥১১

---

*কৃষ্ণনাম করে অপরাধের বিচার। 'কৃষ্ণ' বলিলে অপরাধীর না হয় বিকার ॥ এক কৃষ্ণনামে করে সর্বপাপ নাশ। প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ ॥ প্রেমের উদয়ে হয় প্রেমের বিকার। স্বেদ-কম্প-পুলকাদি গদ্‌গদাশ্রুধার ॥ অনায়াসে ভবক্ষয়, কৃষ্ণের সেবন। এক কৃষ্ণনামের ফলে পাই এত ধন ॥ হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার। তভু যদি নহে প্রেম, নহে অশ্রুধার ॥ তবে জানিহ অপরাধ তাহাতে প্রচুর। কৃষ্ণনামের বীজ তাহে না হয় অঙ্কুর ॥ চৈতন্য-নিত্যানন্দে নাহি এসব বিচার। নাম লৈতে প্রেম দেন বহে অশ্রুধার ॥ স্বতন্ত্র ঈশ্বর প্রভু পরম উদার। তাঁরে না ভজিলে কভু না হয় নিস্তার ॥

(শ্রীচৈ:চ: ১।৮।২১-২৮)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপরাধ বিচার না করে গৌরনাম।
আর্তিভরা হৃদে কর সতত কীর্তন ॥১২

তবে হবে সর্ব অপরাধ প্রশমন।
এই জন্মে অবশ্য মিলিবে প্রেমধন ॥১৩

শ্রীপুরীগোসাঞি করি এই বিচারণ।
অনুগতে দিল শিক্ষা গাহ গৌর নাম ॥১৪

বিরহেতে জ্বলি সদা আর্তিভরা হৃদে।
নিজে গাই' দিল শিক্ষা গাও এইভাবে ॥১৫

শ্রীপুরীগোসাঞি পদে দিবাকর দীন।
গৌরনামে রতি সদা করয়ে প্রার্থন ॥১৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহৎকৃপার অদ্ভুত প্রভাব

সাধুশাস্ত্রমুখে শুনি' ভক্তির মহত্ত্ব।
ভক্তি আচরিলি মুঞি শাস্ত্রবিধিমত ॥১

অর্চন, নামকীর্তন, পাদসেবনেতে।
নিমজ্জিয়া রহিলাম শাস্ত্রবিধিমতে ॥২

'ইতি পুংসার্পিতা বিষ্ণৌ' ভাগবত-কথা।
মনেতে এই ভাবনা থাকিবে সর্বথা ॥৩

কৃষ্ণ সুখ কারণে যে ভক্তির সাধন।
তাতে অনায়াসে ভক্তে মিলে প্রেমধন ॥৪

কিন্তু জানিতেছি মনে নাহি সে ভাবনা।
চেষ্টা করিলেও নহে তাহার ঘটনা ॥৫

স্মৃতিহীন অনুষ্ঠান নহে ভক্তিযোগ।
ভক্তির প্রাণ তাহাতে মনের সংযোগ ॥৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মনঃসংযোগবিহীন যে ভক্তিসাধন।
পুণ্যকর্মসম তাহা বৃথা শ্রম জান ॥৭

ইহা চিন্তি হইলাম নিরাশ যখনে।
ভক্তিরসামৃতসিন্ধু বাণী জাগে মনে ॥৮

*ঐকান্তিকভাবে কৃষ্ণে মমতা সহিত।
ভক্তির যে আচরণ তাহা শাস্ত্রমত ॥৯

---

*"অনন্যমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা।
ভক্তিরিত্যুচ্যতে ভীষ্মপ্রহ্লাদোদ্ধবনারদৈঃ ॥" (শ্রীভ:র:সি: ১।৪।২)
অর্থাৎ অন্য কোন বস্তুতে মমতা না রাখিয়া কেবল শ্রীবিষ্ণুর প্রীতি উদ্দেশ্যে তাঁহার প্রতি যে মমতা, তাহাকেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব ও নারদ ইত্যাদি ভক্তি আখ্যা দিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিন্তু মমতার লেশ নাহি ত হৃদয়ে।
অভ্যাসেতে ভক্তি অনুষ্ঠান মাত্র হয় ॥১০

ইহা বৃথা জানি মন হইল বিকল।
কীভাবে সাধন কৈলে হইবে সফল ?১১

† শ্রীজীবের বাণী মনে হইল উদয়।
হ্লাদিনী কৃপায় কৃষ্ণে প্রীতিযোগ হয় ॥১২

---

† "তস্যা হ্লাদিন্যা এব কাপি সর্বানন্দাতিশায়িনী বৃত্তির্নিত্যং ভক্তবৃন্দেষেব নিক্ষিপ্যমাণা ভগবৎপ্রীত্যাখ্যয়া বর্ততে। অতস্তদনুভবেন শ্রীভগবানপি শ্রীমদ্ভক্তেষু প্রীত্যতিশয়ং ভজত ইতি ॥" (শ্রীপ্রীতিসন্দর্ভ ৬৫ অনু:)

অর্থাৎ সেই হ্লাদিনীর কোন এক সর্বানন্দাতিশায়িনী বৃত্তি নিত্যকাল ভক্তগণের মধ্যে নিক্ষিপ্ত হইয়া ভগবৎপ্রীতিনামে বর্তমান রহিয়াছে। তাহা অনুভব করিয়া শ্রীভগবান্‌ও ভক্তগণের অতিশয় প্রীতিভাগী হন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হ্লাদিনী শক্তির হয় এই এক বৃত্তি।
মহানন্দময়ী, তার নাম কৃষ্ণপ্রীতি ॥১৩
ইহাকে করুণাময় কৃষ্ণ ভগবান।
নিরন্তর ভক্তগণে করেন ক্ষেপণ ॥১৪
ভক্তবৃন্দ হৃদে ইহা করি' অবস্থান।
তা'দিগকে করে সদা কৃষ্ণপ্রীতিকাম ॥১৫
এইরূপে ভক্তে কৃষ্ণে প্রীতির যোজন।
তাই হ্লাদিনীর কৃপা ভক্তিমূল জান ॥১৬
এইভাবে কারুণিক মহৎকৃপায়।
হ্লাদিনী প্রবেশ করে সাধক হৃদয়ে ॥১৭
তখন সে করে ভক্তি কৃষ্ণপ্রীতিকামে।
সাধন করিয়া ক্রমে লভে কৃষ্ণপ্রেমে ॥১৮
অতএব মহৎকৃপা হয় ভক্তিমূল।
যা' লভি সাধক হয় কৃষ্ণপ্রেমে ভোল ॥১৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাগবত বারম্বার কহে এই কথা।
মহৎকৃপা বিনা ভক্তিসাধনই বৃথা ॥২০

সনাতনে এই শিক্ষা দিল গৌররায়।
"মহৎকৃপা বিনা কোন কর্মে ভক্তি নয়" ॥২১

মহৎকৃপাভিক্ষা বিনা যে ভক্তি-সাধন।
পুণ্যকর্মমাত্র তথা নাহি প্রেমধন ॥২২

মহৎকৃপা আশে সদা ব্যাকুল হৃদয়ে।
যে গৌরভজন করে প্রেমধন পায় ॥২৩

শ্রীপুরী গোসাঞিপদে দিবাকর দীন।
ব্যাকুল হৃদয়ে মাগে প্রেমভক্তি ধন ॥২৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরহরির উপদিষ্ট শ্রীনামকীর্তন প্রণালী

(শ্রীহরিনামকীর্তনকারীর বহির্লক্ষণ)

নয়নং গলদশ্রুধারয়া বদনং গদ্‌গদরুদ্ধয়া গিরা।
পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নামগ্রহণে ভবিষ্যতি ॥

অর্থাৎ হে নাথ ! তোমার নাম গ্রহণকালে কবে আমার নয়নযুগল অশ্রুধারায় প্লাবিত হইবে, বাক্য উচ্চারণসময়ে মুখ হইতে গদ্‌গদ স্বর বাহির হইবে এবং আমার সর্বাঙ্গ পুলকে ভরিয়া যাইবে ?

(অন্তর্লক্ষণ)

যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবৃষায়িতং।
শূন্যায়িতং জগৎসর্বং গোবিন্দবিরহেণ মে ॥

অর্থাৎ হে গোবিন্দ ! তোমার অদর্শনে আমার নিমেষকালও যুগের মত বোধ হইতেছে। বর্ষাধারার ন্যায় চক্ষু হইতে অনুক্ষণ অশ্রুধারা নির্গত হইতেছে এবং সমস্ত জগৎ শূন্য বোধ হইতেছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরহরির উপদিষ্ট এই ভজনপন্থা হইল বিরহভাবক। কবে শ্রীকৃষ্ণের দর্শন পাইব, এই চিন্তায় ভক্ত ব্যাকুল হইয়া অনুক্ষণ অশ্রুধারায় বক্ষ সিক্ত করিয়া তাঁর নাম কীর্তন করিতে থাকে। এইরূপ আর্তিযুক্ত কীর্তনই সত্বর প্রেমলাভের কারণ হয়। ইহাই শ্রীগৌরহরি ও তদনুগ গোস্বামিবর্গ নিজে আচরণ করিয়া শিক্ষা দিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

0. In Public Domain, Digitizagtion by eGang

Dr. Urmila Sharma Collection, Varanasi

C0. In Public Domain, Digitizagtion by eGango

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi